আমি ডাঃ পি.কে. ভট্টাচার্য্য, অতিরিক্ত রাজ্য প্রাণী শুমারি আধিকারিক ও শ্রী টি. আর. নাথ, উপ-রাজ্য প্রাণী শুমারি আধিকারিক এবং সদর কার্যালয়ের অন্যান্য আধিকারিকদের কাছে এই শুমারির প্রত্যেকটি ক্ষেত্রে তাঁদের সহযোগিতার জন্য কৃতজ্ঞ।

আমি বাঁকুড়ার জেলা সমাহর্তার দপ্তরের, বাঁকুড়া জেলা পরিষদের দপ্তরের, মুখ্য কৃষি আধিকারিকের দপ্তরের, জেলা মৎস্য চাষ দপ্তরের আধিকারিক ও কর্মীদের বিভিন্ন তথ্য সরবরাহ করে আমাদের নানাভাবে সাহায্য করার জন্য ধন্যবাদ জানাই।

আমি আমার সহকর্মীদের, সহ আধিকারিকদের, গবাদিপশুর সহ-তত্ত্বাবধায়ক এবং যারা প্রত্যক্ষভাবে এ কাজের সঙ্গে যুক্ত ছিলেন তাঁদের ধন্যবাদ জানাই।

আমার দপ্তরের হিসাবরক্ষণ শাখার কর্মীদেরও প্রশংসা প্রাপ্য।

আমি বিশেষভাবে ধন্যবাদ জানাই সেই সমস্ত ব্লক প্রাণী শুমারি আধিকারিক ও সংকলকদের যারা বিভিন্ন ব্লক ও পৌরসভাতে শুমারির কাজে নিযুক্ত।

পরিশেষে, যারা বাড়িভিত্তিক তথ্য সংগ্রহ করে এই বিশাল শুমারির সিংহভাগ কাজটাই করেছেন সেইসব গণনাকারীদের (প্রাণী বিকাশ সহায়ক ও প্রাণীবন্ধু) জানাই আমার আন্তরিক ধন্যবাদ।

ডাঃ মিহির সতপতি
উপ-অধিকর্তা
প্রাণী সম্পদ বিকাশ ও পরিষদ আধিকারিক
এবং
জেলা প্রাণী শুমারি আধিকারিক, সপ্তদশ প্রাণী শুমারি
বাঁকুড়া

২০শে জানুয়ারি, ২০০৬

বাঁকুড়া
উঃ
পঃ
পূঃ
দঃ
বর্ধমান
সোনামুখী পৌরসভা
বাঁকুড়া পৌরসভা
পুরুলিয়া
বিষ্ণুপুর পৌরসভা
হুগলী
পশ্চিম মেদিনীপুর

বাঁকুড়া

বাঁকুড়া জেলার অর্ন্তগত গ্রাম পঞ্চায়েত সমূহ

বাঁকুড়া-১ ব্লক
০১ আঁচুড়ি
০২ আধাঁবথোল
০৩ জগদল্লা-১
০৪ জগদল্লা-২
০৫ কালপাথব
০৬ কেঞ্জাকুবা

বাঁকুড়া-২ ব্লক
০১ বিকনা
০২ জুনবেদিয়া
০৩ কোষ্ঠিয়া
০৪ মানকানালী
০৫ নড়বা
০৬ পুবন্দবপুব
০৭ সানবাঁন্দা

বড়জোড়া ব্লক
০১ বড়জোড়া
০২ বেলিয়াতোড়
০৩ বৃন্দাবনপুব
০৪ ছান্দার
০৫ ঘটুগোবিয়া
০৬ গোদাবডিহি
০৭ হাটাশুড়িয়া
০৮ খাঁড়ারি
০৯ মালিয়াবা
১০ পোখান্না
১১ শাহাবজোড়া

ছাতনা ব্লক
০১ আড়রা
০২ ছাতনা-১
০৩ ছাতনা-২
০৪ চিনাবাড়ি
০৫ ধবন
০৬ ঘোষেবগ্রাম
০৭ জামতোড়া
০৮ ঝুঁজকা
০৯ জিড়রা
১০ মেট্যালা
১১ শালডিহা
১২ শুশুনিয়া
১৩ তেঘবি

গঙ্গাজলঘাটি ব্লক
০১ বড়শাল
০২ ভক্তাবাঁধ
০৩ বনাশুবিয়া
০৪ গঙ্গাজলঘাটি
০৫ গোবিন্দধাম
০৬ কাপিস্টা

গঙ্গাজলঘাটি ব্লক
০৭ লছমনপুর
০৮ লটিযাবনি
০৯ নিত্যানন্দপুব
১০ পিড়াবনি

মেজিয়া ব্লক
০১ অর্ধগ্রাম
০২ বানজোড়া
০৩ কুশতোব
০৪ মেজিযা
০৫ রামচন্দ্রপুব

ওন্দা ব্লক
০১ চিঙ্গানী
০২ চূড়ামনিপুব
০৩ কল্যাণী
০৪ কাঁটাবাড়ী
০৫ লোদানা
০৬ মাজডিহা
০৭ মেদিনীপুব
০৮ নাকাইজুড়ি
০৯ নিকুঞ্জপুব
১০ ওন্দা-১
১১ ওন্দা-২
১২ পুনিশোল
১৩ বামসাগর
১৪ রতনপুব
১৫ সানতোর

শালতোড়া ব্লক
০১ বামুনতোড়
০২ ঢেকিয়া
০৩ গোগবা
০৪ কানুড়ি
০৫ পাবড়া
০৬ সালমা
০৭ শালতোড়া
০৮ তিলুবি

বিষ্ণুপুর ব্লক
০১ অযোধ্যা
০২ বাঁকাদহ
০৩ বেলশুলিয়া
০৪ ভরা
০৫ দ্বারিকা-গোসায়েবপুর
০৬ লাযেকবাঁধ
০৭ মোবার
০৮ রাধানগব
০৯ উলিযাড়া

ইন্দাস ব্লক
০১ আকুই-১

ইন্দাস ব্লক
০২ আকুই-২
০৩ আমরুল
০৪ দীঘলগ্রাম
০৫ ইন্দাস-১
০৬ ইন্দাস-২
০৭ কবিশুণ্ডা
০৮ মঙ্গলপুব
০৯ বোল্
১০ সাহসপুব

জয়পুর ব্লক
০১ গেলিয়া
০২ হেতিযা
০৩ জগন্নাথপুর
০৪ কুচিয়াকোল
০৫ ময়নাপুব
০৬ রাউৎখণ্ড
০৭ সালদা
০৮ শ্যামনগব
০৯ উত্তববাড়

কোতলপুর ব্লক
০১ দেশড়াকোযালপাড়া
০২ গোপীনাথপুর
০৩ কোতুলপুব
০৪ লাউগ্রাম
০৫ লেগো
০৬ মদনমোহনপুর
০৭ মির্জাপুর
০৮ সিহড়

পাত্রসায়র ব্লক
০১ বালসী-১
০২ বালসী-২
০৩ বেলুট-বসুলপুব
০৪ বিউব-বেতুড়
০৫ বীরসিংহ
০৬ হামীবপুর
০৭ জামকুড়ি
০৮ কুশদ্বীপ
০৯ নারায়ণপুব
১০ পাত্রসায়র

সোনামুখী ব্লক
০১ ধানশিমলা
০২ ধূলাই
০৩ ডিহিপাড়া
০৪ হামিরহাটি
০৫ কোচদিহি
০৬ মানিকবাজার
০৭ পাচাল

বাঁকুড়া জেলার অর্ন্তগত গ্রাম পঞ্চায়েত সমূহ

সোনামুখী ব্লক
০৮ পিয়ারবেড়া
০৯ পূর্ব নবাসন
১০ বাধামোহনপুব

হীরবাঁধ ব্লক
০১ বাহবামুড়ি
০২ গোপালপুর
০৩ হীবাবাঁধ
০৪ মলিয়ান
০৫ মোশীয়াবা

ইন্দপুর ব্লক
০১ ভেদুয়াসোল
০২ ব্রাহ্মণডিহা
০৩ ব্রজবাজপুব
০৪ গৌববাজার
০৫ হাটগ্রাম
০৬ ইন্দপুব
০৭ বঘুনাথপুব

খাতরা ব্লক
০১ বৈদ্যনাথপুব
০২ দহলা
০৩ ধানডা
০৪ গোবাবাড়ি
০৫ খাতবা গ্রাম-১
০৬ খাতবা গ্রাম-২
০৭ সুপুব

রাইপুর ব্লক
০১ ধানাড়া
০২ ঢেকো
০৩ দুনদার
০৪ ফুলকুশমা
০৫ মণ্ডলকুলি
০৬ মেলেরা
০৭ মোটগোদা
০৮ রাইপুব
০৯ শ্যামসুন্দবপুর
১০ সোনাগাবা

রাণীবাঁধ ব্লক
০১ অম্বিকানগব
০২ বারিকুল
০৩ হলুদকোনালী
০৪ পুড্ডি
০৫ রাজাকাটা
০৬ রাণীবাঁধ
০৭ বাউতোড়া
০৮ রুদ্র

সারেঙ্গা ব্লক
০১ বিক্রমপুব

সারেঙ্গা ব্লক
০২ চিলতোড়
০৩ গড়গড়্যা
০৪ গোয়ালবাড়ি
০৫ নেতুরপুব
০৬ সাবেঙ্গা

সিমলাপাল ব্লক
০১ বিক্রমপুর
০২ দুবরাজপুর
০৩ লক্ষ্মীসাগব
০৪ মাচাতোড়া
০৫ মণ্ডলগ্রাম
০৬ পার্শ্বলা
০৭ সিমলাপাল

তালডাংরা ব্লক
০১ শ্যামডাংবা
০২ বিবড়দা
০৩ ফুলমতী
০৪ হাড়মাষড়া
০৫ খালোগ্রাম
০৬ পাঁচমুড়া
০৭ সালতোড়া
০৮ সাতমৌলি
০৯ তালডাংবা

বাঁকুড়া জেলার নদী, সড়ক ও রেল পথ

বাঁকুড়া জেলার পরিচিতি

ভূমিকা ঃ

উপজাতি অধ্যুষিত জেলা বাঁকুড়া। নিজস্ব লোকসঙ্গীত, চিত্রকলা আর সংস্কৃতিব জন্য বিখ্যাত। বনাঞ্চল এবং পাহাড়ে সজ্জিত এই জেলা ভ্রমণবিলাসীদের মানচিত্রে একটি বিশিষ্ট নাম। মুকুটমণিপুব, বিষ্ণুপুর, ঝিলমিলি অন্যতম ভ্রমণ-আকর্ষণ।

অবস্থান ঃ

বাঁকুড়া জেলা পশ্চিবঙ্গের বর্ধমান বিভাগের অন্তর্ভুক্ত এবং এর অবস্থান উত্তর অক্ষাংশ ২২°৩৮´ এবং ২৩°৩৮´ ও পূর্ব দ্রাঘিমাংশ ৮৬°৩৬´ এবং ৮৭°৪৬´ -র মধ্যে। উত্তরদিকে এবং আংশিক ভাবে উত্তর-পূর্বে বর্ধমান জেলা দ্বারা পরিবৃত। প্রাকৃতিকভাবে দামোদর নদীই এই দুটি জেলাকে বিচ্ছিন্ন করেছে। প্রশাসনিক কাজকর্মের জন্য অবশ্য দুই জেলার মধ্যবর্তী দামোদর নদীব অবতল এলাকাটিও বাঁকুড়ার মধ্যেই ধরা হয়। জেলার দক্ষিণ-পূর্বদিকের সামান্য কিছু অংশ জুড়ে হুগলী জেলা পড়ে। পুরো দক্ষিণ সীমানা জুড়ে আছে মেদিনীপুর আর পশ্চিমে পুরুলিয়া। বাঁকুড়া জেলার আকাব অনেকটা সমদ্বিবাহু ত্রিভূজেব মত।

উৎপত্তি ঃ

প্রধান বা মুখ্য শহরের নাম নিয়েই জেলার নাম, এরকম উদাহরণ পশ্চিমবঙ্গে বহু আছে। যেমন মেদিনীপুর, হাওড়া, বর্ধমান, কুচবিহার, জলপাইগুড়ি এবং দার্জিলিং। প্রশাসনিক ভাবে জেলার নাম বাঁকুড়া হবার অনেক আগে থেকেই এই নাম চলে আসছে।

রেনেল-এর মানচিত্রে 'Bancoorah'-কে হুগলীর পশ্চিমের একটি ছোট গ্রাম হিসেবে দেখানো হয়েছে। এটি প্রকাশ পেয়েছিল ১৭৭৯ সালের ১৪-ই অক্টোবর। সমসাময়িক সরকারি নথিপত্রেও 'Bakoonda'-র উল্লেখ পাওয়া যায়। এর পরে বাঁকুড়ার নামের উল্লেখ পাওয়া যায় বর্ধমানের কালেক্টর এস. ডেভিস-এর বোর্ড অফ রেভিনিউ-এর প্রেসিডেন্ট উইলিয়ম কাউপারকে লেখা ১৬ই ফেব্রুয়ারী, ১৭৯৪-র চিঠিতে। চিঠিতে লেখা ছিল 'Bhakoorah in Bishenpur'। 'বিষেণপুর' বোঝাই যায় 'বিষ্ণুপুর'-এরই রকমভেদ। মল্ল রাজাদের আবাস আগের কয়েকশ বছর থেকে এই বিষ্ণুপুরে-ই ছিল। এমনকি ১৮৩৪ সালেও মূল প্রশাসনিক এলাকাটি 'বিষেণপুর' হিসেবেই উল্লেখ করা হয়েছিল সরকারী নথিপত্রে, পরে যেটি বাঁকুড়া জেলা হিসেবে গড়ে উঠেছিল। এই বছরই ''বিষেণপুরের দায়িত্বে সদর কার্য্যালয় বাঁকুড়ায় (Bancoorah)'' একজন যুগ্ম ম্যাজিস্ট্রেট আর ডেপুটি কালেক্টর নিযুক্ত হন। ১৮৩৪ থেকে ১৮৫৫ সালের মধ্যে জেলার নাম (অথবা এর সদর কার্য্যালয়) বিষেণপুর থেকে বাঁকুড়ায় পরিবর্তিত হয়। ১৮৫৫ সালের কিছু নথিপত্রে আমরা দেখতে পাই 'বাঁকুড়া' 'Bancoorah' 'Bankoorah অথবা Bankurah নামে উল্লেখিত। গ্যাসট্রেল সাহেবের লেখা বাঁকুড়ার 'পরিসংখ্যান ও ভৌগোলিক' প্রতিবেদনে উনি বাঁকুড়াকে 'Bancoorah' অথবা 'Bancoondah' হিসেবে উল্লেখ করেছেন। গ্যাসট্রেল ঐসময়ে বাঁকুড়া জেলার খাজনা সংক্রান্ত আমিন (Revenue Sruveyor) ছিলেন এবং প্রতিবেদনটি ১৮৬৩ সালে প্রকাশিত হয়েছিল। এই সব বিভিন্ন তথ্যাদি থেকে দেখা যায় যে যদিও ১৭৭৯ সাল থেকেই 'বাঁকুড়া' ছিল জেলার সদর কার্য্যালয়। কিন্তু সরকারী ভাবে ১৮৩৪ থেকে ১৮৫৫-র মধ্যেই নাম পরিবর্তন

হয়। ও'ম্যালি সাহেবের লেখা জেলার পুরোন অভিধান-এ উনি লিখেছেন 'স্থানীয় মানুষের ধারণা এই নামের শুরু তদানীন্তন স্থানীয় একজন সর্দার বা প্রতিপত্তিশালী ব্যক্তি বংকু রাই'য়ের নাম থেকেই। বাঁকুড়ার একটি ছোট গ্রাম বদরা-র 'রাই' এই 'বংকু রাই'য়েরই বংশধর। আব একটি জনশ্রুতি, বিষ্ণুপুরেব রাজা বীব হাম্বিরেব বাইশজন পুত্রের একজন, বীর বাঁকুড়া-র নাম থেকেই এই নাম। রাজা নাকি তাঁব বাজত্বকে ২২টি মণ্ডল বা বৃত্তে ভাগ করে এক এক পুত্রকে একটি করে মণ্ডল প্রদান কবেন।''

বাঁকুড়ার একজন বিখ্যাত পণ্ডিত যোগেশ চন্দ্র রায় বিদ্যানিধি মনে কবেন বাঁকুড়া শহর থেকে মাইল দুয়েক দূরে একটেশ্বর নামে শিবের যে বিখ্যাত মন্দিরটি আছে সেখানে একটেশ্বব-এব মূর্তিটি আছে বাঁকা অবস্থায়। সুদূর অতীতে একটেশ্বর ছিল শিবেব একটি অত্যন্ত জনপ্রিয় রূপ। হয়ত বা এই 'বাঁকা' শিবের বিগ্রহ থেকেই নাম হ'য়েছে 'বাঁকুড়া'। এঁর আরও একটি তত্ত্ব যে দুটি শব্দ বাম (বাঁ) এবং কুন্ড (ঝর্ণা বা জলাশয়) মিশিয়ে প্রথমে হয়েছিল 'বামকুন্ড' পরে তা থেকেই 'বাঁকুড়া'।

জেলা বা শহরের বর্তমান নামের সম্ভাব্য উৎস সন্ধান আরেকভাবেও কবা যেতে পারে যে এই অঞ্চলের মানুষ সাধারণভাবে খুবই ধর্ম বিশ্বাসী যারা 'বাঁকুড়া রায়' বিগ্রহকে অসম্ভব শ্রদ্ধা এবং ভক্তি করে। যদিও 'বাঁকুড়া রায়' - এর অন্যান্য স্থানীয় নামও অনেক আছে। কিন্তু বিভিন্ন তথ্য থেকে অকাট্য প্রমাণ মেলে যে এই অঞ্চলের মানুষজন, এমনকি গোটা রাঢ় অঞ্চলের মানুষজনই সেই সুদূর অতীত থেকেই গভীর ধর্ম বিশ্বাসী।

এই সর্বব্যাপী ধর্ম বিশ্বাস হেতু ১৬ থেকে ১৮ শতাব্দীব মধ্যে অনেক অমূল্য সাহিত্য সৃষ্টি হয় মধ্যযুগীয় বাংলা ভাষায়। সাধারণভাবে এগুলি ধর্ম মঙ্গল কাব্য হিসেবে পরিচিত। সমসাময়িক কালের কয়েকজন প্রথম সারির কবি ছিলেন ঘনরাম, রূপরাম এবং মানিকরাম। এই কবিরা, এমনকি তুলনায় অ-গৌন কবি সীতারাম দাস বা প্রভূরামও বারবার তাঁদের রচনায় ধর্মঠাকুরের বিগ্রহ-কে 'বাঁকুড়া রায়' হিসেবে উল্লেখ করেছেন। 'বাঁকুড়া রায়ের' উল্লেখ কবি মুকুন্দরাম চক্রবর্তীর চণ্ডী মঙ্গল কাব্যেও পাওয়া যায। এটি একটি দীর্ঘ ভক্তিগীতি যেটি লেখা হয়েছিল ১৫৯৪ থেকে ১৬০০ খ্রীষ্টাব্দের মধ্যে। 'বাঁকুড়া রায়' নামটি যে বিশেষ্য হিসেবেও ব্যবহৃত হতো এ থেকে এই নামের জনপ্রিয়তা অনুমান করা যায়। সম্ভ্রমের সঙ্গে এই নামটি ব্যবহৃত হতো এই অঞ্চলে। সময়ের সঙ্গে সঙ্গে মহিমান্বিত এই নাম প্রথমে স্থান, পরে শহর এমনকি জেলারও নাম হয়ে দাঁড়ায়।

জেলার একমাত্র প্রশাসনিক দপ্তর হিসেবে বাঁকুড়া নামের উৎপত্তি কিন্তু ১৭৬৫ সালেব আগে কখনোই নয়। ১৭৬৫ সালে ইষ্ট ইণ্ডিয়া কোম্পানী বাংলাব দেওয়ানী পায় এবং সেই সঙ্গে বিষ্ণুপুরের রাজাব শাসনভুক্ত অঞ্চলেব অধিকারও ।

মেদিনীপুরস্থিত কোম্পানীর আবাসিক প্রতিনিধি জন গ্রাহাম ১৭৬৭ সালের জানুয়ারী মাসে তাঁর এক সহকারী জন ফার্গুসনকে এদিকে পাঠান পশ্চিমের জেলাগুলির জমিদারদের ওপর কর্তৃত্ব কায়েম করার উদ্দেশ্যে। ফলস্বরূপ সুপুর, অম্বিকানগর আর ছাতনার জমিদারীগুলো মেদিনীপুরের সঙ্গে জুড়ে দেওয়া হলো। এই সব অঞ্চলগুলি বর্তমানে বাঁকুড়া জেলারই মধ্যে।

ফার্গুসন সাহেবের পদধূলি রায়পুর, ফুলকুসমা আর সিমলাপালের জমিদারীতেও বশ্যতা স্বীকারের পর এগুলি বর্ধমানের অন্তর্ভুক্ত হয়। এবং এ-সব জায়গায় জমিদাররা বাগরি-র রাজা মারফত বর্ধমানে তাঁদের খাজনা দিতেন। বর্তমানে এই অঞ্চলগুলি বাঁকুড়ারই অংশ।

এই জেলায় আধিপত্য বিস্তারের প্রথম দিকে ইংরেজরা আইনশৃঙ্খলা ব্যবস্থা সুদৃঢ় করতে মনোনিবেশ করে, সেই সঙ্গে জমিদারদের বশ্যতা আদায়ের দিকটিও তারা অগ্রাধিকার দেয়। এইভাবেই জেলাতে একটি সংহত প্রশাসনিক ব্যবস্থার প্রবর্তন হয়। ১৭৬৯ সালের পর থেকে জেলার ইতিহাস সাধারণভাবে বাংলায় প্রশাসনিক ব্যবস্থার অদলবদলের ধারা অনুযায়ীই চলেছে।

মনে হয় ১৭৮৫ সালের আগে কোন এক সময়ে বিষ্ণুপুর আর বীরভূম জুড়ে দেওয়া হয়েছিল মুর্শিদাবাদ জেলার সঙ্গে। ১৭৮৬ সালে বিষ্ণুপুর আর বীরভূমে আলাদা করে কালেক্টর নিয়োগ করা হয়। বিষ্ণুপুরের ভার পড়ে জনৈক পাই (Pye) সাহেবের ওপর আর বীরভূম-এ ফোলি (Foley) সাহেব। এর পর বিষ্ণুপুর আর বীরভূমকে এক করে একটি জেলা গঠিত হয় ও ক্যালকাটা গেজেটে একটি বিজ্ঞপ্তিও জারী হয়। ১৭৯৩ সাল পর্যন্ত এই ব্যবস্থা চালু থাকে। ১৭৯৩-তে আবার বাঁকুড়া স্থানান্তরিত হয় বর্ধমান জেলা সমাহর্তার কাছে। এই ব্যবস্থার সুত্রপাত হয় বীরভূমের কালেক্টর সাহেবের লেখা ১১ই জানুয়ারী, ১৭৯৩ এর একটি চিঠিতে। বোর্ড অফ রেভিনিউ-এব সেক্রেটারীকে লেখা এই চিঠিতে উনি জানান যে বিষ্ণুপুরকে ইতিমধ্যে বীবভূম থেকে বিচ্ছিন্ন করে বর্ধমান জেলার সঙ্গে সংযুক্ত করা হয়েছে। ১৭৯৩ সালের বিধি অনুযায়ী বোর্ড অফ রেভিনিউ আর কালেক্টরদের বিচার করার ক্ষমতা চলে যায়।

১৭৯৮-৯৯ নাগাদ জেলার দক্ষিণ-পশ্চিম অংশ (বর্তমানে যেটা রায়পুর থানার মধ্যে) ছাড়াও অম্বিকানগর আর সুপুর, চুয়ার বিদ্রোহেব ফলশ্রুতিতে রীতিমত অশান্ত হযে পড়ে। প্রায় এক বছর সময় লেগেছিলো এই অভ্যুত্থান বশে আনতে।

ও'ম্যালীর লেখা বাঁকুড়া জেলার পুরোন গেজেটিয়ার অনুযায়ী এই সময় মনে হয় বাঁকুড়া জেলা পরিচিত ছিল জঙ্গল মহলের একটি অংশ হিসেবে। বীরভূম, বাঁকুড়া, মেদিনীপুর এবং ছোটনাগপুরের পার্বত্য অঞ্চলের মধ্যবর্তী ইংরেজদের দখলীকৃত অঞ্চল এবং তাদের ছত্রছায়ায় থাকা কিছু স্থানীয় অঞ্চল প্রধানের শাসনাধীন অঞ্চলকে বলা হত জঙ্গলমহল। তখনও যেহেতু প্রশাসন সুসংহত হয়নি, তাই এলাকাগুলোর এক্তিয়ারের স্পষ্ট কোন রূপরেখা ছিলনা। ১৮০৫ সালে তাই এই একটি আইন পাশ হয় (বিধি ১৮,১৮০৫) বীরভূম, বর্ধমান আর মেদিনীপুর জেলার অন্তর্গত জঙ্গলমহলকে এইসব জেলার এক্তিয়ার থেকে বার করে নিতে। জঙ্গলমহলকে একজন ভিন্ন ম্যাজিস্ট্রেট-এর অধীনে আনা হলো। এইভাবে যে জেলাটির পত্তন হলো, তাতে ছিল ২৩টি পরগণা আর অনেকগুলি মহল। বীরভূম থেকে নেওয়া হলো পাঞ্চেতকে ধরে মোট পনেরটি মহল, বর্ধমান থেকে তিনটি-সেনপাহাড়ী, শেরগড় আর কোতলপুর থানা এলাকা এবং গলসি-ব লাগোয়া অঞ্চল বাদ দিয়ে বিষ্ণুপুর। কোতলপুর ও গলসির লাগোয়া অঞ্চল ম্যাজিস্ট্রেটের অধীনেই রয়ে গেল। মেদিনীপুর থেকে নেওয়া হলো ছাতনা, বরাভূম, মানভূম, সুপুর, অম্বিকানগর, সিমলাপাল আর ভালাইডিহা এই সাতটি মহল।

এই নতুন জেলার রাজস্ব আদায়ের প্রশাসনিক দায়িত্ব রইল বর্ধমানের কালেক্টরেরই হাতে কিন্তু কালেক্টর-এরই একজন সহকারী যিনি বাঁকুড়ায় নিযুক্ত ছিলেন তিনি-ই সরাসরি কাজকর্ম নিয়ন্ত্রণ করতেন। এই প্রত্যন্ত বনাঞ্চলের

প্রশাসন ব্যবস্থাকে মজবুত করার উদ্দেশ্যই এই জেলার সৃষ্টি এবং প্রশাসনিক কাজকর্মের সুবিধার জন্য জেলার সদর কার্যালয় বাঁকুড়ায় করা হয়েছিল। বর্ধমান থেকে মোট সাতটি থানা-এলাকা এবং মেদিনীপুর থেকে দুটি স্থানান্তর করা হয়েছিল জঙ্গল মহলে।

১৮৩৩ সাল পর্যন্ত বাঁকুড়া জঙ্গলমহলেরই একটি অংশ ছিল। ১৮৩২ সালে জেলার পশ্চিমদিকে বিক্ষোভ হবার পরই এটিকে আলাদা করা হয়। ভূমিজ জাতের মানুষজনের বসবাস ছিল এই এলাকায়, যাদের স্থানীয় ভাবে 'চুয়ার' বলা হতো। ১৮৩২ সালে এই মানুষজনই প্রশাসনের বিরুদ্ধে বিদ্রোহ করেছিল। এই বিদ্রোহ দমনে সামরিক অভিযান চালানো হয়। বিদ্রোহীরা পালিয়ে যায় পাহাড়ে। আর এই অভ্যুত্থানের নেতা গঙ্গানারায়ণ সিংভূমে পালিয়ে যান এবং সেখানেই তাঁর মৃত্যু হয়। এই সব অভ্যুত্থানের দরুণ স্থানীয় প্রশাসনিক ব্যবস্থায় অদলবদল হলো। ১৮৩৩ সালের ১৩ নং বিধি অনুসারে জঙ্গল মহল জেলাকে ভেঙে দেওয়া হলো। জঙ্গলমহলের দেওয়ানী আদালত অবলুপ্ত হলো। সেনপাহাড়ী, শেরগড় আর বিষ্ণুপুরকে বর্ধমানে স্থানান্তর করা হলো আর ধলভূম সহ অবশিষ্ট অঞ্চল যা মেদিনীপুর থেকে বিচ্ছিন্ন করা হয়েছিল তা নিয়ে হলো মানভূম জেলা।

একই সঙ্গে এই অঞ্চলটি নিয়মিত প্রশাসন ব্যবস্থার অধিকার থেকে মুক্ত করে নিয়ে দক্ষিণ-পশ্চিম সীমান্ত অঞ্চলের (South West Frontier Agency) সঙ্গে জুড়ে দেওয়া হলো। দক্ষিণ-পশ্চিম সীমান্ত অঞ্চলের গভর্নর জেনারেলের প্রতিনিধির মুখ্য সহকারীর হাতে ন্যস্ত হলো প্রশাসনিক দায়িত্ব। এই পরিবর্তিত ব্যবস্থার ফলে বর্তমান বাঁকুড়া জেলার প্রায় সম্পূর্ণ পশ্চিমাংশ চলে গেল মানভূমে। ১৮৪৪ সালের একটি মানচিত্রে দেখা যায় নতুন এই দক্ষিণ পশ্চিম সীমান্ত অঞ্চলের পূর্ব দিকের সীমানা বাঁকুড়া শহর পর্যন্ত চলে এসেছে। ১৮৩৫-৩৬ সাল নাগাদ জেলার অবশিষ্ট অংশ যার নাম ছিল পশ্চিম বর্ধমান এবং সদর কার্যালয় ছিল বাঁকুড়া, পূর্বে সেই কোতুলপুর পর্যন্ত বিস্তৃত হল আর ছাতনা, সুপুর আর অম্বিকানগরকে জোড়া হল দক্ষিণ পশ্চিম সীমান্ত অঞ্চলের সঙ্গে।

১৮৩৪ সালে দক্ষিণ-পশ্চিম সীমান্ত অঞ্চল থেকে বাঁকুড়াকে আলাদা করে নিয়ে বর্ধমানের সঙ্গে জোড়া হল এবং 'বিষেণপুর'-এর দায়িত্ব ন্যস্ত হলো একজন যুগ্ম ম্যাজিস্ট্রেট এবং ডেপুটি কালেক্টর-এর ওপর, যাঁর সদর কার্যালয় বাঁকুড়া। ১৮৪৭ সালে ছাতনা থানা এলাকা মানভূম থেকে স্থানান্তর হলো আর ১৮৪৮ সালে আউশগ্রাম, পোখনা আর ইন্দাস থানা এলাকাগুলি আবার স্থানান্তর হলো পশ্চিম বর্ধমানে। ১৮৫১ সালে ইন্দাস আবার পশ্চিম বর্ধমানে স্থানান্তরিত হল। বিদ্রোহের সময় বাঁকুড়ার এলাকা ছিল বর্তমান-এর শুধু পূর্বদিকের অর্দ্ধেক। বাঁকুড়া শহরটি ছিল এই অঞ্চলের পশ্চিম প্রান্তসীমায়। বাঁকুড়া-রানীগঞ্জ রোড আর বাঁকুড়া-খাতরা রোডের পশ্চিমদিকের সমস্ত এলাকাগুলিই ছিল মানভূমের ভিতর। ১৮৭২ সালে সোনামুখী, ইন্দাস, কোতলপুর, শেরগড় আর সেনপাহাড়ী পরগণাগুলি বর্ধমানে স্থানান্তর হল আর মানভূম জুড়ে গেল বাঁকুড়ার সাথে। ১৮৭৬ সালে প্রকাশিত বাংলার সংখ্যাতত্ত্বের সারণীতে দেখা যায় সেইসময়ে বাঁকুড়ার যা আকার ছিল তার পরিমাণ ছিল মাত্র ১,৩৪৬ বর্গমাইল। ১৮৭৯ সালে সুপুর, অম্বিকানগর, রায়পুর, শ্যামসুন্দরপুর, ফুলকুশমা, সিমলাপাল আর ভালাইদিহা পরগণাগুলির অনুরূপ খাতরা, রায়পুর আর সিমলাপাল থানা এলাকা মানভূম জেলা থেকে স্থানান্তর করা হল আর সোনামুখী, কোতুলপুর এবং ইন্দাস থানা এলাকাগুলি আবারও স্থানান্তর হলো বর্ধমান জেলায়। যখন বিষ্ণুপুর মহকুমার সৃষ্টি হলো তখন বাঁকুড়া জেলা তার বর্তমান রূপরেখা পেলো ১৮৭৯ সালে। জেলা বিচারকের এক্তিয়ার বাঁকুড়া ছাড়াও, পশ্চিম বর্ধমান পর্যন্তই ছিল। ১৮৮১ সালে শুধুমাত্র বাঁকুড়া জেলার জন্যই পরিশেষে একজন জেলা বিচারক নিযুক্ত হলেন। কাজেই প্রশাসনিক পরিকাঠামোর প্রেক্ষিতে বাঁকুড়া জেলার পত্তন ১৮৮১ সাল থেকে।

ভু-প্রকৃতি ঃ

পূর্বে ধান ফলানো পাললিক সমতলভূমি আর পশ্চিমে ছোটনাগপুর মালভূমির মাঝামাঝি জায়গা জুড়ে এই বাঁকুড়া জেলা। বিষ্ণুপুর মহকুমার সবটাই, তাছাড়াও সদর মহকুমা অঞ্চলের কিছু থানা এলাকা যেমন সিমলাপাল, তালডাংরা, গঙ্গাজলঘাঁটি এবং বরজোড়া মোটামুটি সমতল ভূমিই বলা চলে। লাগোয়া বর্ধমান বা হুগলী জেলারই মত। জেলার মধ্যবর্তী এলাকা থেকে এই সমতল ভূমি ধীরে ধীরে উঁচু হতে হতে ঢেউখেলানো সমতল ভূমিতে রূপান্তরিত হয়। এই রূপান্তর আরো বেশি স্পষ্ট হয় পশ্চিমের দিকে যেখানে ছোট ছোট পাহাড় ক্রমে দুটি ক্রমোচ্চ ঢালের সংযোগ রেখায় পরিবর্তিত হয়ে উপত্যকায় মিলে যায়। পশ্চিম সীমা বরাবর থানা এলাকাগুলিতে মাটি সাধারণত লাল রঙের হয়। অল্পস্বল্প বনাঞ্চল কোথাও, কখনো আবার মনোরম উপত্যকা। উত্তর-পশ্চিমের একেবারে প্রান্তসীমায় এই ঢেউ খেলানো ভূপ্রকৃতি আরো বেশি চোখে পড়ে যত আমরা ছোটনাগপুর মালভূমির দিকে এগোই।

জেলাকে মোটামুটি তিনটি ভাগে ভাগ করা যায় ঃ পশ্চিমের পাহাড়ী অঞ্চল, মাঝের ঢেউখেলানো এলাকা আর পূর্বে পাললিক সমতল ভূমি। একটা অঞ্চল অন্য অঞ্চলের সঙ্গে সুন্দরভাবে মিশে গিয়েছে। পূর্বের ত্রিভূজাকৃতি আন্দোলিত ভূ-অঞ্চল আর পশ্চিমের নির্জন পাহাড়ী এলাকার একটা সুন্দর বর্ণনা করেছেন উইলিয়ম হান্টার - 'বাঁকুড়ার পালল সমতলভূমি ক্রমে ঢেউখেলানো হয়ে ছোট ছোট পাহাড় আর শৈলশিরা তৈরী করে। এটা যেন মধ্য ভারতের সমতলভূমির পার্বত্য চরিত্রের একটা আগমনী সুর। টুকরো টুকরো পলি, কাঁকর মেশানো উর্বর জমি, মাঝেমধ্যে কিছু ঝোপঝাড় আর শাল গাছ, পূর্ব দিকের ঘন চাষ করা জমির এই বৈশিষ্ট্য ক্রমে রূপান্তরিত হয় অনুর্বর, লোহা মেশানো শক্ত পাললিক ভূমিতে।'

জেলার পূর্বদিকে দিগন্ত জোড়া ধানজমি বর্ষার সময়ে পান্না-সবুজ, শরৎ-হেমন্তে পর্যাপ্ত ফসলের প্রতিশ্রুতি নিয়ে সোনা-হলুদ আর গ্রীষ্মের বার্তা এলে শুকিয়ে চৌচির। ঢেউখেলানো মধ্যাঞ্চলে এবং তারও পশ্চিমে মাটির রঙ অনেকটা এলামাটির মত। নীচু জঙ্গলে ঢাকা। কখনো কদাচিৎ লম্বা বন্য গাছেরও দর্শন মেলে। বর্ষাকালে জেলার পশ্চিমদিকের উঁচু এলাকাগুলো সবুজে ঢেকে যায়। আর বর্ষার ঠিক পরেই উপত্যকা-বরাবর চাষবাস করা জমিগুলো হয়ে যায় পান্না সবুজ। অথচ গ্রীষ্মকালে এই শুকনো প্রায় গাছপালাহীন গিরিমাটির চেহারা রৌদ্রদগ্ধ, নিঃস্ব। অথচ বর্ষার সময়ে এবং তার ঠিক পরেও সবুজ পল্লবগুচ্ছে ঢেকে যাওয়া এই ঝোপঝাড় দেখে কে ভাবতে পারে সেকথা ? মাইলের পর মাইল জুড়ে আদিগন্ত এই শালবনের বসন্তকালীন মোহিনী রূপ না দেখলে অনুভব করা যায় না। এই জেলার রূপ বর্ণনা অসমাপ্ত থেকে যাবে যদি না বলি প্রস্ফুটিত পলাশ আর মহুয়া বনের অপরূপ রূপের কথা। বসন্তের ছোঁয়ায় মহুয়া বন আবৃত হয় হালকা শ্বেতশুভ্র আচ্ছাদনে। অগুন্তি, অসংখ্য ফুল ঝড়িয়ে রাতারাতি বনে বিছানা সাজিয়ে দেয় মহুয়া ফুল। আর চতুর্দিকে জুড়ে রঙের বান বইয়ে দেয় বহুপ্রজ পলাশ। কবিগুরু তাঁর জীবনের অনেকটা সময়ই কাটিয়েছেন শান্তিনিকেতনে যেটা খুব দূরে নয় বাঁকুড়া থেকে। কবির বহু কবিতায় শাল, মহুয়া আর পলাশকে উনি অমর করে গেছেন। কাজেই এটা মোটেই বিস্ময়ের নয় যে ও'ম্যালি বাঁকুড়ার উঁচু এলাকার প্রাকৃতিক সৌন্দর্যে মুগ্ধ হয়ে তাঁর পুরোন জেলা গেজেটিয়ারে লিখেছিলেন ''জেলার এই অঞ্চল অনেকটাই সুসজ্জিত উদ্যানের মত। একজন ভ্রমনার্থী হঠাৎ-ই এখানে এলে মনে করবে যেন সে যাদুবলে কোন বিলিতি পার্কে গিয়ে উপস্থিত। লালমাটির উখুরুখু রাস্তার দুধারে লম্বা গাছের সারি কখনও উপত্যকায় গিয়ে ঢুকেছে কখনও বা ঢালু জমি বরাবর চলে গেছে। জেলার পশ্চিম আর দক্ষিণের গ্রামাঞ্চল আরো ছাড়া ছাড়া এবং চারদিকের দৃশ্য আরো বেশি ছবির মতন লাগে যত শৈলশিরা পেরিয়ে বনাঞ্চল দিয়ে ঢাকা পাহাড়ী অঞ্চল অতিক্রম করে দক্ষিণে সংকীর্ণ উপত্যকার দিকে এগোনো যায়। আরও উত্তরে শুশুনিয়া আর বিহারীনাথ পাহাড় চারিদিকের নিসর্গের মধ্যে তাদের গাম্ভীর্য্য নিয়ে দাঁড়িয়ে।''

উইলিয়ম হান্টার বাঁকুড়ার পাহাড়গুলি সম্বন্ধে লিখতে গিয়ে বলেছেন এগুলি মধ্য ভারতীয় সমতলভূমির পার্বত্য চরিত্রের আগমনী সুর। জেলার উত্তর-পশ্চিমদিকের গায়ে গায়ে এই ছোটনাগপুর অধিত্যকা থেকে শুরু হয়ে বনাঞ্চল-আবৃত উদগত শৈলশিরাগুলি ক্রমশ উঁচু হতে হতে শুশুনিয়া আর বিহারীনাথ পর্বতে রূপ নেয়। শুধু এই দুটি পর্বতই এদের উচ্চতায় নিরিখে উল্লেখের যোগ্য। জেলার উত্তর-পশ্চিমদিকের প্রান্ত সীমায় শালতোড়া থানা এলাকায় পড়ে বিহারীনাথ। সমুদ্রপৃষ্ঠ থেকে উচ্চতায় ৪৪৭.৮ মিটার বা ১,৪৬৯ ফুট। পশ্চিম থেকে পূর্বে প্রবাহিত দামোদর থেকে মাত্র দুই বা তিন মাইল দক্ষিণে এই বিহারীনাথ। শুশুনিয়া আবাব জেলার উত্তর সীমায় ছাতনা থানার মধ্যে। ঢেউখেলানো সমতলভূমির মধ্য থেকে হঠাৎ-ই উঠে দাঁড়িয়েছে ৪৩৯.৫ মিটার বা ১৪৪২ ফুট। পূর্ব এবং পশ্চিম দিক বরাবর প্রায় তিন কিলোমিটার পর্যন্ত গেছে শুশুনিয়া। আগে পাহাড়ের পাদদেশে ব্যাপক ভাবে পাথরের খাদান ছিল। এখনও এই শিল্প তত ব্যাপক ভাবে না হলেও অব্যাহত। শুশুনিয়ার আসল খ্যাতি কিন্তু এর একটি গুহা থেকে আবিষ্কৃত চন্দ্র বর্মার বিখ্যাত পাথবেব উৎকীর্ণ লিপির জন্য।

শালতোড়া থানা এলাকায় আরও অনেক ছোটখাটো পাহাড় আছে। মেজিয়া থানা এলাকায়, দামোদরের দক্ষিণে এবং বর্ধমানের রানীগঞ্জ শহরের বিপরীত দিকে, মেজিয়া নামে একটি পাহাড় আছে। এটি বেশ অনেকটা জায়গা জুড়ে এবং ৬১ মিটার উচ্চতার এই পাহাড়টির চূড়াটি বেশ তীক্ষ্ণ। শালী নদীর নিকট উত্তরে এবং অমরকানন গ্রামের একটু দক্ষিণ-পূর্বে গঙ্গাজলঘাঁটি থানা এলাকায় কোড়া বা কাড়ো (কাড়া নামেও ডাকা হয়) নামে প্রায় ১২২ মিটার উঁচু একটি পাহাড় আছে।

জেলার দক্ষিণ দিকে খাতরা, রানীবাঁধ আব রায়পুর থানা এলাকায় অনেক ছোটখাটো পাহাড় আছে। বিশেষ ভাবে উল্লেখ্য কিছু নেই। এখন যেখানে কংসাবতী বাঁধ আর জলাধাব তৈরীর কাজ চলছে সেখানে এরকম বেশ কিছু পাহাড় এমনভাবে ছড়িয়ে আছে যে জায়গাটি খুবই মনোরম লাগে।

খাতরা থেকে মাত্র দুমাইল পূর্বে ছবির মত সুন্দর একটা পাহাড় আছে। ১২২ মিটার উঁচু এই পাহাড়টিকে স্থানীয় মানুষেরা মশাকের পাহাড় বলে ডাকেন। ও'ম্যালী তাঁর বাঁকুড়া জেলার অভিধানে এই পাহাড় সম্বন্ধে প্রচলিত একটি জনশ্রুতির কথা লিখেছেন ''পাহাড়ে একটি গুহা আছে। অনেকদিন পর্যন্ত মানুষের বিশ্বাস ছিল যে কেউ-ই সাহস করে এই গুহায় ঢুকতে পারেনা। জনশ্রুতি যে গুহাতে অনেকদিন আগে এক মুনি বা সাধু বাস করতেন। কাছেপিঠের কোন রাজা যখনই তাঁকে দর্শন করতে আসতেন মুনি তাঁকে একটি সোনার মোহর উপহার দিতেন। মনে হত মুনি এই সোনার মোহর তাঁর জটার মধ্য থেকে বার করতেন। রাজা ভাবলেন মুনির জটা ভর্তি শুধুই সোনার মোহর! তাই রাজা এক কোপে মাথাটা কেটে ফেললেন। মোহর তো পাওয়া গেলই না কিন্তু পেলেন মুনির অভিশাপ। তার পর থেকে রাজা এবং তাঁর বংশধররা সবাই বংশপরম্পরায় নাকি বিকৃতমস্তিষ্ক হয়ে গিয়েছিলেন।''

রানীবাঁধ থেকে জেলার দক্ষিণ-পশ্চিমদিকের প্রান্তদেশে ঝিলিমিলি পর্যন্ত পাকা রাস্তার অনেকটাই শৈলশিরা (ridge)-র ওপর দিয়ে সবুজ নয়নাভিরাম বনাঞ্চলকে পাশে নিয়ে চলে গেছে। এই পথের সবথেকে উঁচু জায়গা থেকে নীচে তাকালে পশ্চিমে দেখা যায় পুরুলিয়া আর সিংভূম জেলার সমতলভূমি আর দূরে দিগন্ত জুড়ে জামসেদপুর শহরের অসংখ্য আলো।

মৃত্তিকা ঃ

পূর্বে ত্রিপুরা এবং পশ্চিমে পুরুলিয়ার পাহাড়ী অঞ্চলের প্রেক্ষিতে বাংলায় পাললিক ভূমি গঠনের ইতিবৃত্ত দেখলে বর্তমানে যা আমরা বাঁকুড়া বলে জানি তার মৃত্তিকার ইতিবৃত্ত কম আকর্ষনীয় নয়। লক্ষাধিক বছর আগে বাঁকুড়ার এই নীচু ঢেউখেলানো অঞ্চল সম্ভবত: সমুদ্র উপকূল ছিল। অথবা তারও আগে সম্ভবত: এই অঞ্চল ছিল সমুদ্র গর্ভে। সেখান থেকে ত্রিপুরার মধ্যবর্তী অঞ্চলটা ছিল বোধ হয় উপসাগর। সময়ের সঙ্গে সঙ্গে সেটার একটা উত্থান হয়ে থাকতে পারে। গঙ্গা, ব্রহ্মপুত্র এবং অন্যান্য নদী থেকে বছরভর পলি এসে জমতো নিয়মিত। এগুলো পরিশেষে উপসাগরের মধ্যে কতগুলো দ্বীপ তৈবী করেছিল এবং সৃষ্টি হয়েছিল সুন্দরবন অঞ্চল। সৃষ্টি হয়েছিল খাদান, নলখাগড়ার বন আর নীচু বনাঞ্চলের। পলি জমা হওয়ার ব্যাপারটা যেহেতু থেমে ছিলনা তাই বিচ্ছিন্ন দ্বীপগুলো ক্রমে কাছাকাঠি চলে এলো, সম্মিলিত ভাবে তৈরী হলো অনেক বড় এলাকা। জন্মালো গাছ, ক্রমে বন এবং বনাঞ্চল।

জেলার বেশিরভাগ অঞ্চল জুড়েই লাল মাটি আর পালল। পূর্ব দিকে সাম্প্রতিক পাললিক স্তরের বিস্তৃত ভূমি, পশ্চিমে বিলুপ্ত যুগের gneisses আর সহজেই পাতলা ফলকে বিদীর্ণ হয় এমন শিলাভূমি (Schists)। পূর্ব সীমান্তে ছোটনাগপুর এলাকার গঠনও এরকম। রানীগঞ্জ কয়লাখনি অঞ্চলের দক্ষিণ অংশে গন্ডওয়ানা অঞ্চলের প্রস্তরভূমির অবশিষ্টাংশ আবার দেখা যায় জেলার প্রত্যন্ত উত্তরদিকে মেজিয়া আর বিহারীনাথ পাহাড়ের মাঝামাঝি অঞ্চলে। এর মধ্যে কিছু এলাকায় কয়লাও মেলে। বাঁকুড়া শহরের আনুমানিক ২৪ কি.মি. (১৫ মাইল) উত্তর-পূর্বে আনন্দপুর গ্রামের কাছাকাছি ১০.২ বর্গ কি.মি. (৪ বর্গ মাইল) এলাকা জুড়ে রয়েছে গন্ডোয়ানা প্রস্তর ভূমি। জেলার দক্ষিণ-পশ্চিম অঞ্চলে পাওয়া যায় অভ্র আর Phyllites। যেটা মানভূম আব সিংভূম অঞ্চলের লৌহখনিজ সমৃদ্ধ প্রস্তরভূমিরই ধারাবাহিকতা। উত্তরে একধরণের আগ্নেয় শিলা পাওয়ার ঘটনাটা বিশেষ আগ্রহের। এগুলো একটি মাত্র খনিজসমৃদ্ধ প্রস্তরভূমি। অধিকাংশই felspar আর Labradorite-এ সমৃদ্ধ। রানীগঞ্জ কয়লাখনি অঞ্চলের দক্ষিণ দিকে প্রায় ১৫৪ বর্গ কি.মি. (৬০ বর্গ মাইল) জুড়ে অন্যান্য ক্যালশিয়াম যুক্ত ফেলস্পার প্রস্তরখণ্ডের সঙ্গে একধরণের আগ্নেয়শিলা পাওয়া যায়। ভূতত্ত্বের দিক থেকে আরও একটি আগ্রহের জিনিস এই যে শুশুনিয়া পাহাড়ের উপরের অংশ Felspathic স্ফটিক দিয়ে তৈরী।

অর্থকরী খনিজ বলতে জেলার অন্তিম উত্তরে কয়লা পাওয়া যায়। রানীবাঁধ আর খাতরা থানা এলাকায় মেলে Wolfram আর অন্যান্য অনেক জায়গাতেই চিনামাটি পাওয়া যায়। এগুলোই বিশেষ ভাবে দেখার উপযুক্ত।

বেশ বিস্তৃত অঞ্চল জুড়ে খড়িডুংরি আর ঝড়িয়া-কাচায় (দুটোই খাতরা থানা এলাকায়), দলমডিজা, রায়পুর-হরিহরগঞ্জ আর রাধামাধর-কুঞ্জগড় (সবই রায়পুর থানা এলাকায়) এবং বাঁকুড়ার ৩২ কি.মি. দক্ষিণে মনিপুরে চিনামাটির ভূর্গভস্থ গচ্ছিতস্তর পাওয়া যায়। লালমাটি আর বালিপাথরের বিক্ষিপ্ত এক আধটা অঞ্চল, গন্ডয়ানার লালমাটি আর পাললিক ভূমির অঞ্চল এবং এর আশেপাশের এলাকায় এক ধরনের ভাল শিলা বা পাথর (aquifers) তৈরী হয় যার মধ্য দিয়ে অনেকটা ছাকনির মত জল বেরিয়ে যেতে পারে।

আবহাওয়া ঃ

সর্বনিম্ন ৮ ডিগ্রী সেন্টিগ্রেড থেকে সর্বাধিক ৪৫ ডিগ্রী সেন্টিগ্রেড পর্যন্ত। গ্রীষ্মে দুঃসহ গরম আর সারা বছর জুড়ে প্রচন্ড আর্দ্রতা। বর্ষাকালে বৃষ্টি অবশ্য সমানুপাতে সারা জেলাতেই হয়। নভেম্বরের মাঝামাঝি সময় থেকে ঠাণ্ডা পড়তে শুরু করে, চলে ফেব্রুয়ারীর শেষ পর্যন্ত। মার্চ থেকে জুনের মাঝামাঝি পর্যন্ত গরমকাল। মৌসুমী বৃষ্টি হয় জুন থেকে সেপ্টেম্বর মাস পর্যন্ত। অক্টোবরের শুরু থেকে নভেম্বরের মাঝামাঝি সময়টা উত্তর-বর্ষা।

জলসম্পদ :

জেলার প্রধান নদীগুলো উত্তর-পশ্চিম থেকে দক্ষিণ-পূর্ব দিকে প্রায় সমান্তরাল ভাবে বয়ে চলে। এই সব জলধারারই উৎস পশ্চিমদিকের উঁচু পাহাড়গুলো থেকে এবং শুধুমাত্র বর্ষাকালেই এবং বর্ষা পরবর্তী কয়েকদিন এইগুলো বহমান। গরমের সময়ে এগুলি সবই শুকিয়ে যায়। কোথাও বা নদীর বালিভর্তি অবতল দিয়ে তির তির করে বয়ে যায়। বর্ষাকালে আবার এগুলিই ভয়ঙ্কর হয়ে ওঠে। শীতের মাসগুলিতে এই দুর্বার জলস্ফীতি আস্তে আস্তে কমতে থাকে, বিশেষ করে ছোটনদীগুলোর। পরিশেষে নদীতল-এ থাকে শুধুই শুকনো বালি। জেলার পশ্চিম দিকের নদীগুলো কিন্তু কাঁকড় আর পাললিক শিলা দিয়ে তৈরী হওয়া নদীপাড় বরাবর একটা সুনির্দিষ্ট পথেই বহমান। পাড় গুলো শক্ত এবং স্থায়ী হবার ফলে নদী তার গতিপথ বদল করার সুযোগ পায়না। কিন্তু পূর্বের দিকে জলধারা যত এগোয় পাললিক সমতলভূমির দিকে, বালি আর কাদা নিয়ে তৈবী তীরবর্তী এলাকাগুলো ততোই যেন ভঙ্গুর। স্বভাবতই জেলার পূর্ব দিকে নদীর গতিপথ বদলের ঘটনা তাই অনেক বেশি, যদিও সেরকম উল্লেখযোগ্য কিছু নয়।

এইসব নদীর ভৌগোলিক বিবরণ ছাড়াও সবিশেষ আগ্রহের ব্যাপার হলো সুদূর অতীতে এই জঙ্গল অধ্যুষিত অঞ্চলে যাঁরা বসতি স্থাপন করেছিলেন এই অঞ্চলে ধর্ম, শিক্ষা এবং সংস্কৃতিরও প্রসার ঘটিয়েছিলেন। নদীর গতিপথ বরাবর সে-সবের কিছু চিহ্ন আজও দেখা যায়। শালতোড়া থানা এলাকায় প্রাচীন ধর্মানুশীলন কেন্দ্র বিহারীনাথ, তাছাড়া কংসাবতী এবং কুমারী নদীর লাগোয়া অঞ্চলে প্রাগৈতিহাসিক যুগের কিছু জৈন মন্দির সেকথাই প্রমাণ করে। বিখ্যাত পুরাতত্ববিদ্ জে.ডি.বেগলার এবং কে.এন. দীক্ষিতের মূল্যবান আবিষ্কার এই ধারণাই সমর্থন করে।

দামোদর :

জেলার সবথেকে গুরুত্বপূর্ণ নদী দামোদর বর্ধমান জেলা থেকে বাঁকুড়াকে আলাদা করে। সাধারণত: জলধারার মধ্যবর্তী এলাকাই সীমানা চিহ্নিত করতে ব্যবহার করা হয়। কিন্তু প্রশাসনিক সুবিধার জন্য নদীর সম্পূর্ণ অবতল এলাকাটিই বাঁকুড়া জেলায় অন্তর্গত। রামগড়ের ৯৬ কি.মি. পশ্চিমে ছোটনাগপুরের পাহাড়ী এলাকায় সৃষ্টি হয়ে বাঁকুড়ায় ঢোকার আগে অনেক ছোট ছোট পাহাড়ী নদীর জলধারা বহন করে। রানীগঞ্জের পশ্চিমে প্রায় ৩২ কি.মি. দূরত্বে মূল সহায়ক নদী বরাকর-এর জলধারাও দামোদরে মেশে। শালতোড়া থানার শিরপুরানামা গ্রামের ভিতর দিয়ে বাঁকুড়ায় ঢুকে দক্ষিণ পূর্বদিকে শালডোড়া, মেজিয়া, বরজোরা, সোনামুখী, পাত্রসায়ের আর ইন্দাস থানা এলাকা দিয়ে প্রায় ৮৯.৬ কি.মি. পর্যন্ত বয়ে চলে। ইন্দাস থানারই সোমসার গ্রামের কাছে নদী বাঁকুড়া ছেড়ে বর্ধমানে প্রবেশ করে। মেজিয়ার কাছে, পুরোপুরি বাঁকুড়ারই সীমা অন্তর্গত কালীঘাটা জোর-এর জলধারা এসে পড়ে পাত্রসায়ের থানার পাঁচপাড়া এলাকায় বোদাই দামোদর থেকে বিচ্ছিন্ন হয়ে আবার ইন্দাস থানার ভোগিতপুরে এসে যুক্ত হয়।

এই মৌসুমী নদীটির খামখেয়ালী রোষের জন্য অতীতে যে ধ্বংস ও বিপর্যয় হতো সেটা বর্তমানে প্রায় পুরোপুরি নিয়ন্ত্রণে এসেছে। কোনার নদীর ওপর, তিলাইয়া এবং মাইথনে বরাকরের ওপর আর পাঞ্চেত-এ দামোদর নদীর ওপর দামোদর ঘাটি নিগম-এর বাঁধ নির্মান এটা সম্ভব করেছে। ডি.ভি.সি. বর্ধমানের দুর্গাপুর থেকে বাঁকুড়ার বরজোরা থানার প্রতাপপুর পর্যন্ত দামোদরের ওপর আরও একটি বাঁধ নির্মাণ করেছে। এটি লম্বায় ৭০১ মিটার এবং ১২ মিটারের মত উঁচু। এটি ৫,৫০,০০০ কিউসেক জল ছাড়তে পারে। এইসব কারণে দামোদরের বিধ্বংসী বন্যার ঘটনা এখন অতীত। দুর্গাপুরে এই ব্যারেজ হবার দরুন নদীর ওপরের দিক থেকে দুর্গাপুর পর্যন্ত নদী আগের থেকে জলে বেশি ভর্তি থাকে। অন্যদিকে নীচের প্রান্তে বর্ষাকালীন জলোচ্ছাস না থাকায় খাঁড়ি অনেক অপ্রশস্ত। নদীকে একেবারে শুকিয়ে যেতে দেওয়া হয়না কখনোই। শুখা মরশুমে দামোদর ঘাটি নিগম নিয়ন্ত্রিত মাত্রায় নিয়মিত ভাবে জল ছাড়ে।

দামোদর থেকে দুটি বড় জলসেচ-খাঁড়ি ঠিক দুর্গাপুর ব্যারেজের ওপর থেকে শুরু হয়েছে। বর্ধমান জেলার অংশের নদীর বাঁদিকের তীর দিয়ে গেছে একটি, আর অন্যটি ডানদিক দিয়ে। ডান দিকের জলসেচ প্রকল্পটি বাঁকুড়া জেলার বরজোরা, সোনামুখী, পাত্রসায়েরর আর ইন্দাস থানা এলাকার ভিতর দিয়ে গিয়ে বর্ধমানে ঢুকেছে। জায়গাটি খন্ডঘোষ মৌজার ৬ কি.মি. দক্ষিণ-পশ্চিমে ঐ একই নামের থানা এলাকায় পড়ে। অসংখ্য সহায়ক খাঁড়ি ডানদিকের এই মূল জলসেচ প্রকল্প থেকে তৈরী হয়েছে। মূল প্রকল্পটি ২,২৭১ কিউসেক পর্যন্ত জল ছাড়তে পারে। এই সব সহায়ক খাঁড়ির সাহায্যে ১৬,২০০ হেক্টর জমি ইতিমধ্যেই জলসেচ পায়। সম্ভাবনা আছে ৮১,০০০ হেক্টর পর্য্যন্ত জমির সেচ ব্যবস্থা হওয়ার।

বোদাই :

কালীঘাটা জোর জেলার উত্তরদিকে একটা ছোট জলধারা। সবটাই শালতোড়া আর মেজিয়া থানা এলাকার মধ্যে পড়ে। এছাড়া দামোদরের আরও দুটো গুরুত্বপূর্ণ সহায়ক নদী হলো বোদাই আর শালি। দুটোই বাঁকুড়া জেলার মধ্যে। বোদাই আসলে দামোদরের একটি খাঁড়ি। সোনামুখী থানায় রামপুর গ্রামের কাছে উৎপন্ন হয়ে প্রায় ১৬ কি.মি. সোনামুখী আর পাত্রসায়েরর থানা এলাকার মধ্য দিয়ে প্রবাহিত হয়ে পাঁচপাড়া গ্রামের উত্তরদিকের একটি জায়গায় গিয়ে আবার দামোদরে মিশে যায়।

শালি :

গঙ্গাজলঘাঁটি থানা এলাকার পশ্চিম দিক থেকে বেরিয়ে দামোদরের এই সহায়ক গঙ্গাজলঘাঁটি, বরজোরা, সোনামুখী আর ইন্দাস থানা এলাকার মধ্য দিয়ে ইন্দাস থানা এলাকারই একটি গ্রাম সোমসার-এর নিকট উত্তরে দামোদরে মিশে যায়। এই নদীর অন্যতম একটি আকর্ষণ একটি বিশাল কৃত্রিম জলপ্রণালী যার মধ্য দিয়ে দামোদরের দক্ষিণ পাড়ের মূল জলসেচ প্রকল্পের জল শালির নদীতল পেরিয়ে যায়। জায়গাটি সোনামুখী শহর থেকে ৫ কি.মি. দূরত্বের মধ্যে। শালি নদীটি প্রায় ৭৩.৬ কি.মি. (৪৬ মাইল) দীর্ঘ এবং জেলার উত্তর দিকের বোদাই আর শালি নদীদুটি গুরুত্বপূর্ণ, যেহেতু এই এলাকার জলসেচ এই নদীদুটি থেকে হয়।

শুভঙ্কর দাঁড়া ও খাল :

যেহেতু খুবই প্রাচীনকাল থেকেই বাঁকুড়া খরাপ্রবণ তাই কৃত্রিম জলসেচের খাঁড়ি নির্মাণের পরিকল্পনাও, বিশেষ করে বন্ধ্যা অঞ্চলগুলিতে, অনেক দিন থেকেই করা হচ্ছে। ১৮ শতকের প্রথম দিকে একটি জলসেচ প্রকল্প রূপায়িত হয়েছিল। পশ্চিম থেকে পূর্বে, সোনামুখী থানা এলাকার উত্তর দিকের ভিতর দিয়ে পাত্রসায়েরর থানা এলাকার উত্তর-পশ্চিম প্রান্ত পর্যন্ত এরকম একটি কৃত্রিম জলসেচ প্রকল্পই শুভঙ্কর দাঁড়া (স্থানীয় ভাষায় দাঁড়া মানে খাঁড়ি বা খাল)। এছাড়া বরজোরা থানা এলাকায় শুভঙ্কর খাল। এগুলি তৈরী করানোর কৃতিত্ব ঐতিহ্যগত ভাবেই বিখ্যাত বাঙালী গণিতজ্ঞ শুভঙ্কর দাসের। এই প্রবাদ পুরুষ ১৭৩০-৩৫ পর্যন্ত বিষ্ণুপুরের মল্ল শাসক গোপাল সিংহের একজন মন্ত্রী ছিলেন। একসময় এই কৃত্রিম জলসেচ প্রকল্প ১৯৪ বর্গ কিলোমিটার এলাকার রুক্ষতাকে বদলে শস্যশ্যামলা করে তুলেছিল। ক্রমে, মল্ল শাসনের পরিসমাপ্তির পর, সহায়ক খালগুলি পলি পড়ে বুজে গিয়েছিল। কোন কোন জায়গায় খালগুলির অবতলে চাষ-আবাদ শুরু করে দেওয়ায় খালের অস্তিত্ব সম্পূর্ণ নষ্ট হয়ে গিয়েছিল।

দুর্ভিক্ষ দূরীকরণের প্রকল্পের অধীনে ১৮৯৬-৯৭ সালে খালটির সংস্কার করা হয়েছিল। কিন্তু উপযুক্ত রক্ষণাবেক্ষণের ব্যবস্থা না থাকায় খালটি অকেজো হয়ে পড়ে। আবার ১৯৫১ সালে সরকারী উদ্যোগে খালটির খনন শুরু হয় এবং শেষ হয় ১৯৫৫ সালে। ৩০০০ একর ফুটের একটি জলাধারও তৈরী করা হয়। ফলে বরজোরা আর সোনামুখী থানা এলাকার চাষের জমি জলসেচের আওতায় এসেছে।

দ্বারকেশ্বর ঃ

দ্বামোদরের পরেই জেলার সবথেকে গুরুত্বপূর্ণ নদী এই দ্বারকেশ্বর পুরুলিয়া জেলার হুড়া থানা এলাকার উত্তর দিক থেকে শুরু করে দক্ষিণ-পূর্ব বরাবর বহমান এই নদী বাঁকুড়ায় প্রবেশ করে ছাতনা থানা এলাকার দুমদা গ্রামের কাছ দিয়ে। তারপর নদীটি এঁকে বেঁকে বয়ে চলে বাঁকুড়া, ওন্দা আর বিষ্ণুপুর থানা এলাকার ভিতর দিয়ে। পরে দক্ষিণের জয়পুর আর কোতুলপুরকে উত্তরের পাত্রসায়ের আর ইন্দাস থানা এলাকা থেকে বিচ্ছিন্ন করে। ইন্দাস থানা এলাকারই নাগা তেঁতুল গ্রামের কাছে জেলা ছেড়ে বেরিয়ে হুগলী জেলার আরামবাগ মহকুমায় প্রবেশ করে। দ্বারকেশ্বর মোটামুটি ভাবে জেলার মাঝামাঝি দিয়ে বয়ে গিয়ে জেলাকে দুটো ভাগে ভাগ করে। নদীর নিম্নপ্রবাহে, শিলাবতীর সঙ্গে সংযোগের নীচের অংশের নদীর নাম রূপনারায়ণ। যেটা অবশেষে ডায়মণ্ডহারবার থেকে অদূরে ভাগীরথীতে গিয়ে মেলে।

শিলাবতী বা শিলাই ছাড়া দ্বাবকেশ্বরের অন্যান্য সহায়ক নদীগুলো আসলে ছোট ছোট জলধারা। এতো অসংখ্য জলধারা যে উল্লেখ করা যাবেনা। বাঁকুড়া শহরের পশ্চিমে অর্কুষা এরকমই একটি। ইন্দপুর থানা এলাকার উত্তর-পশ্চিম দিক থেকে শুরু হয়ে দারকেশ্বরে এসে মেলে ছাতনা থানা এলাকায় হানুলিয়া গ্রামের কাছে।

এর অন্যতম গুরুত্বপূর্ণ সহায়ক নদী গন্ধেশ্বরীর সঙ্গে এটি মিলিত হয় বাঁকুড়া শহরেরই উপকণ্ঠে সানবাঁধা-র কাছে। আরও একটি গুরুত্বপূর্ণ সহায়ক নদী বেরাই দ্বারকেশ্বরের সঙ্গে মিলে যায় চাকদহ গ্রামের কাছে, বিষ্ণুপুর থানা এলাকায়। দ্বারকেশ্বর একটি প্রাচীন নদী বলেই সম্পূর্ণ যাত্রাপথে অনেকগুলি অবতল ভূমি আছে এই নদীর। কোন না কোন সময়ে এই সব অবতল ভূমি দিয়েই বহমান ছিল দ্বাবকেশ্বর, সুদূর অতীতে। এগুলির বেশিরভাগই নদীর মূল ধারার আশপাশ দিয়ে কিছুদূর পর্যন্ত এঁকেবেঁকে গিয়ে, কোন না কোন জায়গায় গিয়ে আবার মূল ধারায় মিলে যায়। এগুলিকে স্থানীয় ভাবে কানা-নদী বা শুকিয়ে যাওয়া নদী বলে, যেগুলি বর্ষার সময় সামান্য জলধারা পায়।

গন্ধেশ্বরী ঃ

ছাতনা থানা এলাকার শুশুনিয়া পাহাড়ের উত্তর-পশ্চিম অঞ্চলে উদ্ভূত হয়ে নদীটি দক্ষিণ-পূর্বে বয়ে যায়। ছাতনা এবং বাঁকুড়া থানা এলাকার অনেকটা অঞ্চলকে ধুয়ে আবার দ্বারকেশ্বরে গিয়ে মিশে যায় বাঁকুড়া শহর থেকে মাত্র কয়েক মাইল দূরে।

বেড়াই ঃ

বেড়াই দ্বারকেশ্বরের একটি ছোট জল নিক্ষেপকারী নদী যার উৎপত্তি ওন্দা থানা অঞ্চলে। এটি ওন্দা বিষ্ণুপুর থানার ভেতর দিয়ে প্রায় ৩০ কি.মি. প্রবাহিত হয়ে দক্ষিণে দ্বারকেশ্বরে যুক্ত হয়েছে।

শিলাবতী ঃ

দারকেশ্বরের সব থেকে বড় সহায়ক নদী এই শিলাবতী বা শিলাই। সঙ্গমস্থল কিন্তু বাঁকুড়ায় নয়, মেদিনীপুরে। পুরুলিয়া জেলার পুঞ্চা থানা এলাকায় শুরু হয়ে বাঁকুড়ায় ঢোকে ইন্দপুর থনা এলাকার সালানপুর দিয়ে। তারপর ইন্দপুব ছাড়াও তালডাংরা আর সিমলাপাল থানা এলাকার ভিতর দিয়ে দক্ষিণ-পূর্বে বয়ে চলে জেলা ছেড়ে যায় ধুলিয়াপুরের পূর্বদিক দিয়ে (থানা সিমলাপাল)। জেলার মধ্যে মোট ৫৬ কি.মি. (৩৫ মাইল) পথ পরিভ্রমণ করে এই নদী। উৎপত্তি যদিও পুরুলিয়া জেলার পুঞ্চা থানা এলাকায় কিন্তু শিলাইয়ের মূল জলগ্রহণ কেন্দ্র প্রায় সবটাই বাঁকুড়া জেলায় পড়ে।

আমোদর ঃ

দ্বারকেশ্বরেব সহায়ক নদীগুলির মধ্যে একমাত্র উল্লেখ্য এই আমোদর। জয়পুব থানা এলাকায় উদ্ভূত হয়ে জেলার মধ্য দিয়ে দক্ষিণ-পূর্বদিক বরাবব ২৭.২ কি.মি. বয়ে যায় । তারপব কোতুলপুর থানা এলাকার হলদি গ্রামের পাশ দিয়ে জেলা থেকে বেরিয়ে হুগলী জেলার আবামবাগ মহকুমায় প্রবেশ করে ।

জয়পাণ্ডা ঃ

শিলাবতীর মূল সহাযক নদী এই জয়পাণ্ডা। ইন্দপুর থানা এলাকায় চৈতনডিহী গ্রামের কাছ থেকে উদ্ভূত হয়ে বেশ অনেকটা এলাকা জুড়ে ওন্দা থানার সঙ্গে নিজের সীমা তৈরী করে তালডাংরা এবং সিমলাপাল থানা এলাকায় প্রবেশ করে। অপেক্ষাকৃত ছোট শিলাবতীর অন্য দুটি সহায়ক নদী হলো পুবন্দর আর চম্পকখাল। দুটি নদী যথাক্রমে ১২ কি.মি. (৭ মাইল) এবং ১০.৪ কি.মি. (৬ মাইল) জেলার এলাকা পরিভ্রমণ করে জেলা থেকে বেরিয়ে গিয়ে মেদিনীপুব জেলায় শিলাবতীর সাথে মিলিত হয়।

কংসাবতী ঃ

কংসাবতী - বেশী পরিচিত 'কাসাই' নামে জেলার দক্ষিণ অঞ্চল দিয়ে ৫৬ কি.মি. (৩৫ মাইল) পর্যন্ত যায়। পুরুলিয়া জেলার প্রত্যন্ত পশ্চিম প্রান্তে সৃষ্ট হয়ে খাতরা থানা এলাকার ভেদুয়া গ্রামের পাশ দিয়ে জেলায় ঢোকে। তারপর দক্ষিণ-পূর্ব দিকে খাতরা আর রানীবাঁধ থানা এলাকাকে বিচ্ছিন্ন করে রায়পুব থানা এলাকার মাঝামাঝি দিয়ে বয়ে চলে। জেলার দক্ষিণ পূর্ব কোন দিয়ে জেলা ছেড়ে বেরিয়ে মেদিনীপুরে প্রবেশ কবে। দামোদর আর দ্বারকেশ্বরের পব কংসাবতীই জেলার তৃতীয় বৃহত্তম নদী।

কুমারী ঃ

কংসাবতীর একটি সহাযক নদী কুমারীর উদ্ভব পুরুলিয়া জেলার আরসা থানা এলাকায় বাঘমুন্ডি পর্বতে। বদ্দি গ্রামের পাশ দিয়ে জেলায় ঢুকে পূর্বদিকে মাত্র ৮ কি.মি. (৫ মাইল) পর্যন্ত বয়ে গিয়ে রানীবাঁধ থানা এলাকায় অম্বিকানগর গ্রামে কংসাবতীতে গিয়ে মেশে।

ভৈরববাঁকি ঃ

কংসাবতীর আরও একটি গুরুত্বপূর্ণ সহায়ক নদী ভৈববরবাঁকি রানীবাঁধ থানা এলাকার দক্ষিণ-পূর্ব দিক থেকে উদ্ভূত হয়ে রায়পুর থানা এলাকার দক্ষিণ ভাগে গিয়ে মেদিনীপুব জেলার ঝাড়গ্রাম মহকুমায় ঢোকে। এখানেই মিলন হয় কংসাবতীর সাথে।

তারাফেনি ঃ

যদিও কংসাবতীরই একটি সহায়ক নদী কিন্তু তারাফেনি-র প্রবাহ মাত্র ৮ কি.মি. (৫ মাইল) বাঁকুড়া জেলার মধ্যে মেদিনীপুর জেলা থেকে রায়পুর থানা এলাকার অন্তিম দক্ষিণাঞ্চল দিয়ে বাঁকুড়ায় ঢোকে। তারপর আবার মেদিনীপুরেই প্রবাহিত হয়ে কংসাবতীর সাথে মেশে।

হ্রদ এবং জলাশয়, ভূগর্ভস্থ জলসম্পদ, ঝর্ণা ঃ

প্রাকৃতিক উপায়ে তৈরী কোন হ্রদ এই জেলায় নেই একমাত্র মেজিয়া বিল ছাড়া। এই বিলটির সৃষ্টি দামোদরের উপচে পড়া জলপ্রবাহ থেকে। শিলাবতী আর জয়পাণ্ডার তীরবর্তী এলাকায় কয়েকটা প্রাকৃতিক জলাশয় আছে বটে কিন্তু সেগুলি প্রস্থে এবং গভীরতায় বেশি নয়। স্থানীয় ভাবে এগুলিকে 'অসুর পঞ্জ' বলা হয় অর্থাৎ অসুর বা দৈত্যর পায়ের চাপে তৈরী গর্ত।

১৭ শতকের দ্বিতীয় অর্ধে বিষ্ণুপুরের শাসনকর্তা সেই মল্ল রাজা বীর সিংহ পূর্ব এবং পশ্চিম দিকে এক সারি বাঁধ নির্মান করিয়েছিলেন। মূলত: বিষ্ণুপুর দুর্গকে রক্ষা করার প্রয়াসে। এই বাঁধ বা জলাশয় গুলি এখনও টিকে আছে। স্থানীয় নাম হলো যমুনাবাঁধ (৪৩ হেক্টর), কৃষ্ণবাঁধ (৩২ হেক্টর), লালবাঁধ (৩০ হেক্টর), কালিন্দীবাঁধ (১৩ হেক্টর), শ্যামবাঁধ (৭.৫ হেক্টর), পোকাবাঁধ (৭ হেক্টর) আর গনতাতবাঁধ (৪ হেক্টর)। মূল বাঁধ গুলি কিন্তু আরো অনেক বড় করে বানানো হয়েছিল। কিন্তু গত কয়েক শতাব্দীতে এগুলোর অনেকটাই বে-দখল হয়ে গেছে মূলত: চাষ-আবাদের জন্য। ফলে মূল এলাকা অনেক ছোট হয়ে গেছে।

জেলার মধ্যে অনেক জায়গায় এই ধরনের বেশ কিছু বাঁধ আছে। রানীবাঁধ, সিমলাপাল, তালডাংরা, ওন্দা, জয়পুর, পাত্রসায়ের আর কোতুলপুর থানা এলাকায়। পশ্চিমবঙ্গের নদীয়া বা মুর্শিদাবাদ জেলার মত জায়গায় সঙ্গে তুলনায় বাঁকুড়ার ভূগর্ভস্থ জলসম্পদ কম।

শিলাবতী নদীর প্রবাহ বরাবর ইন্দপুর, খাতরা, তালডাংরা এবং সিমলাপাল থানা এলাকায় খনন করে জলস্তর পাওয়া গেছে। কোন কোন অঞ্চলে খনন করার পর স্বত:স্ফূর্ত ভাবেই জল ওপরে উঠে এসেছে। মাটির ঠিক নীচেই যে জলাধার তার ওপর ভূগর্ভস্থ চাপ সহজেই অনুমান করা যায়। জেলার উচ্চভূমিতে ঝর্ণার দেখা পাওয়া যায়। এদের মধ্যে যে দুটোতে মানুষের বেশি আসাযাওয়া সে দুটি ছাতনা থানা এলাকায় শুশুনিয়া পাহাড়ের দক্ষিণ অবতলে।

উদ্ভিদ ও প্রাণী ঃ

বনাঞ্চল থাকার সুফলদায়ক প্রভাবের কথা উঠলে বাঁকুড়ার বেশ খুশি থাকার কথা। কিন্তু বাস্তব রূপটা ভিন্ন। ব্যক্তিগত মালিকানা অনেকদিন থেকেই আছে। কিন্তু তা সত্বেও অবহেলা আর অযত্নের জন্য শুধু যে গুনমানের হানি হয়েছে তাই-ই নয় শুধু। সোজাসুজি লাভ দেয় এমন বনজ উৎপাদন কাঠ, গবাদি পশুর খোরাক, জ্বালানি এসবের উৎপাদন কমেছে। আর পরোক্ষ উপকার যেমন আবহাওয়া নিয়ন্ত্রণ, মাটির সুরক্ষা এবং আর্দ্রতা রক্ষা এগুলোরও সবিশেষ অবনতি হয়েছে.

একমাত্র জেলার উত্তর-পূর্ব আর শালতোড়া, মেজিয়া এবং কোতুলপুর থানা এলাকা নিয়ে উত্তর-পশ্চিম অংশ ছাড়া জেলার অন্যান্য অংশে বনাঞ্চল মোটামুটি সমান ভাবে ছড়িয়ে আছে। বনাঞ্চলের আকার প্রকারে অঞ্চল ভিত্তিক তারতম্য আছে। মোটামুটি ভাবে দেখলে জেলার উচ্চভূমি, পর্বতের ঢালু অংশ আর শৈলশিরা গুলি জঙ্গলে ঢাকা। কিন্তু নিম্নভূমি অঞ্চল, ঘন মাটি দিয়ে ঢাকা সামান্য ঢালু অঞ্চলগুলি চাষবাসের দখলে চলে এসেছে। একে তো বর্ধিত জনসংখ্যার চাপ তাছাড়া জেলার অর্থনৈতিক অস্বচ্ছলতার কারনে যেসব অঞ্চলে মাটি উর্বর

বনাঞ্চল সংলগ্ন সে সব অঞ্চলে চাষবাস প্রসারিত হয়েছে। ফলে বাঁকুড়ার বনাঞ্চল তেমন সংহত নয়। কিছু কিছু দূরবর্তী অঞ্চল এখনও টিকে আছে সোনামুখী, জয়পুর, বিষ্ণুপুর, মোটগোদা আর রানীবাঁধ এলাকায়। বাঁকুড়ার বনাঞ্চলের সবচেয়ে গুরুত্বপূর্ণ উৎপাদন 'উত্তরভাগের ক্রান্তীয় শুকনো পর্ণমোচী-শুকনো শাল', বনবিভাগের সাধারণ শ্রেণীবিভাগ অনুসারে শালবনের অবস্থা মোটেই আশাপ্রদ নয়। বনাঞ্চলের প্রান্তীয় জমিতে চাষবাসের যে উদ্যোগ নেওয়া হয়েছিল অর্থনৈতিক দিক দিয়ে সে প্রচেষ্টা কার্যকরী হয়নি। ফলে এইসব জমি অনাবাদী পতিত পড়ে আছে সারা জেলা জুড়ে।

বাঁকুড়ার মত একটি জেলা যেখানে মোট এলাকার পাঁচভাগের একভাগ জুড়ে বনাঞ্চল এবং যে জেলা দুর্গাপুর শিল্পনগরীর অত্যন্ত নিকটে সেখানে গতানুগতিক বনবিধি এবং নীতি অনুসরণ করলে চলবে না। অঞ্চলের প্রয়োজনের কথা মাথায় রেখে এমন কর্ম পরিকল্পনা রূপায়ন করতে হবে যাতে উচ্চ ফলনশীল এবং অর্থকরী ফসল উৎপাদন করে মানুষ অপেক্ষাকৃত কম সময়ে লাভের মুখ দেখতে পায়। কাঠ-জাত উৎপাদনের চাহিদা এবং সরবরাহের মধ্যে বর্তমানে যে বিরাট ফারাক আছে সেটার প্রেক্ষিতে যদি কাঠ জাত শিল্প উৎপাদন ব্যবস্থার প্রসারণ ঘটানো যায় তো শুধু যে উৎপাদন বাড়বে তাই-ই নয় সঙ্গে কর্মসংস্থানও হবে এবং জেলার সম্পদ বৃদ্ধি হবে। এই কথা মাথায় রেখেই স্বাধীনতা পরবর্তী সময় থেকেই একের পর এক সেগুন, পিয়াশাল আর শিশু-র মত অমূল্য গাছপালা ভরা অনাবাদী জমি কেটে পরিষ্কার করা হয়। এই সব অনাবাদী জমিতে কাঠের মন্ড তৈরী করার জন্য প্রয়োজনীয় গাছ যেমন ইউক্যালিপটাস আর আকাশমনিও ছিল প্রচুর। এমন ইঙ্গিত মেলে যে কিছুদিন অন্তর কেটে ফেলার জন্য সাজানো ছোট ছোট শাল গাছ (coppice sal) তুলে ফেলে তার জায়গায় শাল, সেগুন, শিশু, পিয়াশাল আর তাড়াতাড়ি বড় হয় যেমন ইউক্যালিপটাস্ আর আকাশমনি লাগানো হবে কৃত্রিম পুনর্যোজন এর সাহায্যে। ফলে বাঁকুড়া জেলার উন্নতিসাধনে বাঁকুড়ার বনাঞ্চলের অবদান আরও বেশি অর্থবহ হবে।

বাঁকুড়ার প্রাণীকুল খুবই নগন্য। কি প্রজাতি বিচারে, কি সংখ্যা বিচারে। বনাঞ্চল ধারাবাহিক ভাবে বিনষ্ট হওয়ার ফলে প্রাণীকুলের আবাস ধ্বংস হয়ে যায়। তাছাড়া মানুষের নির্বিকার মনোভাব এবং নির্বিচার শিকারও এ-সবের জন্য দায়ী।

গুরুত্বপূর্ণ স্থানসমূহ ঃ

বিষ্ণুপুর ঃ বাঁকুড়া জেলার গৌরবমুকুটে বিষ্ণুপুর একটি বিশেষ রত্ন। কোলকাতা থেকে উত্তর-পশ্চিম দিকে ১৫২ কি.মি. দূরে। মল্ল রাজবংশের রাজা রঘুনাথ এই রাজ্য প্রতিষ্ঠা করেছিলেন। ৮ থেকে ১৮ শতাব্দী পর্যন্ত রাজত্বকালে শক্তিধর মল্ল রাজাদের রাজত্ব মালভূমের রাজধানী হিসেবে বিষ্ণুপুর-এর শ্রী বৃদ্ধি হয়। এলাকায় যেহেতু পাথর বা শিলা নেই, ঐতিহ্যগত ভাবেই নির্মাণকার্যে ইঁটের ব্যবহার। বিষ্ণুপুরের পোড়ামাটির (terracota) মন্দিরের ভাস্কর্য দেখে রূপকারদের শৈলীর দক্ষতা অনুমান করা যায়। পোড়ামাটির অতি অলংকৃত খোদাই কাজের শুরুই হয় অতুলনীয় 'চালা' ঢং-এর বাংলার স্থাপত্যশৈলীর নিদর্শন স্বরূপ আচ্ছাদন দিয়ে। এদের মধ্যে লালগি (১৬৫৮) একরত্ন (এক চূড়া বিশিষ্ট) মন্দির সমূহের একটি চমৎকার নিদর্শন। অন্যান্য মন্দিরগুলো হচ্ছে রাধা-শ্যাম, কৃষ্ণ-বলরাম, নিকুঞ্জবিহারী আর কেশর রাই। মৃন্ময়ী মন্দির চত্বরে নবকৃষ্ণ (৯টি বৃক্ষ এক হয়ে বেড়ে ওঠা) একটি দূর্লভ দর্শন।

বিষ্ণুপুর

টেরাকোটা

রাজা দুর্জন সিংহ দেব -এর তৈরী একরত্ন স্থাপত্য শৈলীর আরেকটি নিদর্শন মদনমোহন মন্দির (১৬৪৯)। এই মন্দিরটি হচ্ছে একটি সমতল ছাদ সহ বর্গক্ষেত্রের মত। ভিতরে খোদিত কারুকার্য আর বাইরেটা পর্বতশিখরের মত। দেওয়ালে খোদাই কাজ দিয়ে জীবন্ত রামায়ণ, মহাভারত আর পুরানের বিভিন্ন দৃশ্য মনোগ্রাহী হয়ে আছে।

মল্ল রাজাদের মধ্যে সর্বশ্রেষ্ঠ রাজা বীর হাম্বির ১৬ শতাব্দীর শেষভাগে রাসমঞ্চ নামে যে মন্দিরটি তৈরী করিয়েছিলেন, ইঁট দিয়ে তৈরী মন্দিরগুলির মধ্যে সেটিই সর্বাধিক প্রাচীন। পিরামিডের মত দেখতে এই মন্দির তৈরীর অনুপ্রেরণা এসেছিল গ্রামবাংলার খোদাই করা ছাদের শৈলী দেখে। মন্দিরটির নিজস্ব বিশিষ্টতা এর অলংকরন। মন্দিরে কৃষ্ণ আর রাধার ছবি আছে। ইঁট দিয়ে তৈরী মন্দিরের শ্রেষ্ঠ উদাহরণ শ্যাম রাই পঞ্চরত্ন (পাঁচটি চূড়া বিশিষ্ট) মন্দির (১৬৪৩)। শ্রীকৃষ্ণের জীবনের গাথা পোড়ামাটির কারুকার্য দিয়ে দেওয়ালে খোদিত আছে। এছাড়াও রাজা দ্বিতীয় রঘুনাথ সিংহ দেব-এর তৈরী কেষ্টরাইয়ের জোড় বাংলা মন্দির আছে। এটি তৈরী হয়েছিল ১৭ শতাব্দীতে।

অমরকানন আর কোরো পর্বত : বাঁকুড়া থেকে মাত্র ১৯ কি.মি. দূরে চারশ ফুট উঁচু এই পর্বতটি বেশ মনোরম। আর জায়গাটিও সুন্দর। পাহাড়ের ওপরে সাবিত্রী দেবীর নামে একটি সুন্দর মন্দির আছে। কোরোপর্বতের পাদদেশে অমরকানন।

জয়রামবাটি : শ্রীমা সারদা দেবীর জন্মস্থান হলো জয়রামবাটি। এখানে রামকৃষ্ণ আশ্রম আর কয়েকটি সুন্দর মন্দির আছে ঘুরে দেখার মত।

গাংদোহা : ছোট্ট নদী শালি-র পিছনদিকেই একটি সুন্দর জলাধার আছে। সবুজ মাঠ আর ঝোপঝাড় দিয়ে ভরা জায়গাটা পিকনিক করার জন্য খুব সুন্দর। বাঁকুড়া শহর থেকে মাত্র ২৮ কি.মি. দূরে এই গাংদোহা। কোরো হিল এখান থেকে মাত্র ৯ কি.মি.।

বিহারীনাথ : বাঁকুড়া জেলা থেকে ৫৭ কি.মি. দূরে উত্তর-পশ্চিমের শেষপ্রান্তে এই বিহারীনাথ। অতীতে এটি জৈন ধর্মের একটি প্রাচীন কেন্দ্র ছিল। বিহারীনাথ এখনও উদ্ভিদ আর প্রাণীকুলে সমৃদ্ধ। বন্য প্রানীদের মধ্যে হায়না, প্যাঙ্গোলিন, শ্যামেলিয়ন আর অল্প সংখ্যায় হলেও র‍্যাকাফোরাস এখনও দেখা যায়। জায়গাটির প্রাকৃতিক সৌন্দর্য খুবই মনোরম।

জোড় বাংলো মন্দির

মুকুটমনিপুর : কংসাবতী আর কুমারী নদীর মিলনস্থলে এই সুবিশাল জলাধার জেলার বিশেষ দ্রষ্টব্য। ভারতের মধ্যে মাটির তৈরী দ্বিতীয় বৃহত্তম বাঁধ এটি। বাঁকুড়া থেকে খাতরা হয়ে এর দূরত্ব ৫৫ কি.মি.। চারদিকের বনাঞ্চল আর পাহাড় নিয়ে অপরূপ নিসর্গ। জলাধারের পাশেই একটি হরিণ উদ্যানও আছে।

জেলার দ্বিতীয় উচ্চতম পাহাড় এই শুশুনিয়া (১৪৪২ ফুট)। ছোট ছোট তিনটে গুহা আছে মারাঙ চেরি, ভরতপুর, আর বিয়ার। অন্যতম গুরুত্বপূর্ণ একটি ঐতিহাসিক উৎকীর্ণলিপি দেখতে হলে এখানে আসতে হবে। পাহাড় চড়া শেখার জন্য জেলার একমাত্র অঞ্চল এই শুশুনিয়া পাহাড় বেশ জনপ্রিয়। ভ্রমণার্থীদের কাছেও জায়গাটি বিশেষ প্রিয় যাঁরা সহজাত প্রাকৃতিক ঝর্ণা দেখতে এখানে আসেন।

কেউ জানেনা স্বর্গ কি বা কোথায়। কিন্তু যদি কেউ জোৎস্না রাতে মুকুটমনিপুরে থাকেন তাহলে নিশ্চয়ই তিনি স্বর্গ-সুখ উপভোগ করবেন। মুকুটমনিপুরে একটি ছোট পাহাড়ের ওপর থাকবার ব্যবস্থা আছে। কংসাবতী নদীর ওপর কংসাবতী বাঁধ পার হলেই সেখানে কংসাবতী ভবন নামে একটি পরিদর্শন বাংলো ও একটি যুব নিবাস পাওয়া যাবে। কুমারী ও কংসাবতী নদীর ওপর বাঁধটি লম্বায় ১০,০৯৮ মিটার ও উচ্চতা ৩৮ মি, বাঁধের এলাকার ক্ষেত্রফল হল ৮৬ বর্গ কিলোমিটার। বাঁধটির চারদিক পাহাড় দিয়ে ঘেরা। বাঁধের ওপরের রাস্তা দিয়ে ৬ কি.মি. হেঁটে গেলেই পরেশনাথ পাহাড়ের ওপরে দুটি মন্দির দেখা যাবে, হিন্দুদের শিবমন্দির ও জৈনদের পরেশনাথের মন্দির। পরেশনাথের মূর্তিটি ক্লোরাইট পাথর দিয়ে তৈরী। একটি নৌকা নিয়ে জলাধারের ওপারে গেলেই বনপুকুরিয়া হরিণ উদ্যানে পৌঁছান যাবে। নদীটি পার হয়ে হরিণ উদ্যানে পৌঁছাতে ঘন্টা দুয়েক সময় লাগে। পর্যটন আবাস থেকে রওনা হয়ে গোরাবাড়ি পেরোলেই অম্বিকানগরে পৌঁছান যায়। এটি জৈন সংস্কৃতিব একটি কেন্দ্র। সেখানে রাজা রাইচরণ ধবল দেবের, যিনি একজন মহান দেশপ্রেমী ছিলেন, পুরোনো ও ভগ্নপ্রায় প্রাসাদ দেখা যাবে। উনি ঝিলিমিলি থেকে ১৯ কি.মি. দূরে ছেঁদাপাথরে একটি গোপন অস্ত্রশস্ত্র তৈরীর কারখানা ও অস্ত্রচালনা প্রশিক্ষণের বিদ্যালয় স্থাপনে সাহায্য করেছিলেন। রাজা নিয়মিতভাবে ক্ষুদিরাম বোস, প্রফুল্ল চাকীদেব মত স্বাধীনতা সংগ্রামীদের অস্ত্র সরবরাহ করতেন।

ঝিলিমিলি ঃ অসম্ভব প্রাকৃতিক সৌন্দর্যের জন্য বিখ্যাত ঝিলমিল। শাল, মেহগনি আর সেগুনের জঙ্গলে ঢাকা চারিদিকের পাহাড়। মুকুটমনিপুর থেকে ঝিলমিল এবং তারও পরে কাঁকড়াঝোড় আর ঝাড়গ্রাম যাবার রাস্তার দুদিকে ঘন জঙ্গল আর তার সবুজ শ্যামলিমায় চোখ ভরে যায়। ঝিলিমিলি শব্দের বাংলা অর্থ হল আলো-আঁধারিতে ঝকমক করে জ্বলে ওঠা বিন্দু সমূহ। এই স্থানটি নামের যথার্থতা বহণ করে সত্যি-সত্যিই উজ্জ্বল সূর্যালোকে আলো এবং নানারকম গাছের, যেমন শাল, সেগুন, বাবলা ইত্যাদির ছায়াতে ঝিকমিক করে ওঠে। জঙ্গলের ভেতর দিয়ে কংসাবতী নিঃশব্দে বয়ে চলে। বাংলা মাস পৌষের শেষ দিনে (জানুয়ারী মাসে) এই নদীর ধারের বাৎসরিক মেলা বহু লোককেই এখানে আকর্ষন করে আনে, তারমধ্যে অধিকাংশই সাঁওতালদের মত জনজাতি। সেখানে তাদের বহু পুরোনো সাংস্কৃতিক ঐতিহ্য অনুসারী পান, গান ও নাচ যা যে কোন গুণগ্রাহী ব্যাক্তিরই অবশ্য দ্রষ্টব্য। ঝিলিমিলি মুকুটমনিপুরের খুব কাছে ও কলকাতা থেকে বাঁকুড়া হয়ে বাস পরিষেবার দ্বারা যুক্ত। কলকাতা থেকে এস. বি. এস. টি. সি. বাস রাত ১০ টায় ছাড়ে ও পরের দিন ভোরে ৫-১০মিঃ পৌঁছায় এবং একই রাস্তায় রাত ৮.৩০ মিঃ -এ ফেরে। আপনি বন-বিশ্রামাগারে থাকতে পারেন যদি ভ্রমণের আগে সংরক্ষিত করে নেন। এটি বাস দ্বারা ঝাড়গ্রামের সাথেও যুক্ত। দূরত্ব - খাতরা ৩৬, মুকুটমনিপুর ৪৩, বাঁকুড়া ৮১ কি.মি.।

তলবেড়িয়া ঃ চমৎকার একটি লেক আছে তলবেড়িয়ায়। চতুর্দিকে পাহাড় দিয়ে ঘেরা একটি বনবীথির ওপর বৃষ্টির ধারা পড়ে এই হ্রদের সৃষ্টি। একটি দেওয়াল তৈরী করে এই জল সংরক্ষণের ব্যবস্থা করা হয়েছে। বাঁকুড়া থেকে ৮৫ কি.মি. দূরে এই জায়গাটি একটি চমৎকার পিকনিক স্পট।

সিদ্ধেশ্বর মন্দির ঃ বাঁকুড়ার ওন্দায় এই মন্দিরটি এর অঙ্গসজ্জার জন্য বিখ্যাত। মন্দিরটির তলদেশের পরিমাপ ২৩ বর্গফুট। মুসলিম যুগের পূর্বেই এর নির্মাণ এবং এক হাজার বছরেরও বেশি পুরোন। মন্দিরের স্তম্ভগুলি জমকালো প্লাষ্টারের কাজ (Stucco) দিয়ে অলংকৃত। মন্দিরটি এখন সযত্নে সংরক্ষণ করা হচ্ছে।

দলমাদল কামান : এক সময়ে বাংলার কামান গর্জে উঠে সার্থকভাবে শত্রু আক্রমণ প্রতিহত করেছিল। মনে হতে পারে এসব গল্পকথা। কিন্তু সত্যি সত্যিই এরকমটাই ঘটেছিল। বিষ্ণুপুর শহরের দক্ষিণে লাল বাঁধ এলাকায় যে কামানটি আজও দেখা যায়, বাংলার সামরিক শৌর্যের অতীত গৌরবের সাক্ষী সে। ভ্রমণার্থীদের দৃষ্টিকোন থেকে বিষ্ণুপুরের আকর্ষণ তার পোড়ামাটির মন্দির, লোক কারুশিল্প, বালুচরী সিল্ক শাড়ী আর বিষ্ণুপুর ঘরানার স্থানীয় উচ্চাঙ্গ সঙ্গীতকলা। কিন্তু এই-ই সেই জায়গা যেখানে স্থানীয় লৌহকারের তৈরী করা কামান আগ্রাসী মারাঠা লুঠেবাদের বিরুদ্ধে ব্যবহার করে দুর্গ আক্রমণ প্রতিহত করা হয়েছিল। সুদূর সেই ১৭৪২ সালে ভাস্কব পণ্ডিত এই যুদ্ধে নেতৃত্ব দিয়ে মারাঠাদের, যুদ্ধজয়ের সম্ভাবনাকে অঙ্কুরেই বিনষ্ট কবেছিলেন। মল্ল রাজাদের নাম অনুসারে হওয়া তাঁদের রাজত্ব মল্লভূমে সেই ৬৯৫ খ্রীষ্টাব্দে থেকে ৫৫ নম্বর মল্ল রাজা গোপাল সিংহ-র আমলেই বর্গী হানা ঠেকাতে এই কামান ব্যবহার করা হয়। বাংলায় তখনকার ঐতিহ্য অনুযায়ী এই কামানের নামকরণ হয় 'দলমর্দন' যেটা লোকের মুখে মুখে এসে 'দলমাদল'-এ দাঁড়িয়েছে। 'দলমাদল'-এর অর্থ যা একসঙ্গে সমস্ত শত্রুর বিনাশ করে। দলমাদল ছাড়াও আরও কয়েকটি কামান বিষ্ণুপুরে এখনও দেখা যায়। যা প্রয়াত যুগের মল্লরাজাদের সামরিক শৌর্যেরই সাক্ষী। দলমাদল অবশ্য এগুলির মধ্যে সবথেকে বড়। এটিকে এখন একটি উচ্চ স্থানে রাখা হয়েছে যাতে সহজেই সবাই ভালভাবে দেখতে পারে। এই কামান শুধু যে ঐতিহাসিক গুরুত্বের তাই-ই নয়। এই কামান তখনকার সময়ের স্থানীয় লৌহকারদের দক্ষতা ও শৈলীর উঁচু মানও প্রমাণ করে। দুঃখের কথা এই সব লৌহকার শিল্পীদের পরিচয় পাওয়া যায়নি আজও। এ-মাথা থেকে ও-মাথা পর্যন্ত দলমাদল কামান দৈর্ঘ্যে ৩.৮ মিটার, বাইরের ব্যাস ২৯.৩ সেন্টিমিটাব আর অগ্রভাগের ভিতবের ব্যাস ২৮.৬ সেন্টিমিটার। তখনকার দিনে এরকম বড় এবং ভারী এক-ঢালাইয়ের কামান বানানোর প্রযুক্তিকৌশল বঙ্গভূমিতে ছিলই না। কিন্তু এই কামানের লৌহকাররা একটি অভিনব প্রযুক্তির ব্যবহার কবেন। প্রথমে তাঁরা ৬৩টি লৌহ বলয় তৈরী করে একটিব সঙ্গে একটি যুক্ত করেন। যাতে একটি ব্যবহারিক কামানের মত অন্তত: দেখতে হয়। ফলে যেটি তৈরী হলো সেটিই আমাদের দলমাদল। শোনা যায় তখনকার দিনে প্রায় এক লক্ষ টাকা খরচ হয়েছিল এই কামান বানাতে। কিংবদন্তী আছে যে স্বয়ং ভগবান মদনমোহন বর্গীদের ওপর কামান চালিয়ে মল্ল রাজা গোপাল সিংহ-কে পরাজয়ের হাত থেকে বাঁচান। গোপাল সিংহ-র উত্তবাধিকারী ছিলেন কৃষ্ণ সিংহ। এবং কৃষ্ণ সিংহ-র উত্তরাধিকারী চৈতন্য সিংহ। এই চৈতন্য সিংহের শাসনকালেই মল্ল পরিবার চরম দুর্দশায় পড়েন। শেষে বর্ধমানের জমিদারের কাছে খাজনা বাকী পড়ার দায়ে ১৮০৫ সালে ইষ্ট ইণ্ডিয়া কোম্পানী এই ভূসম্পত্তি বিক্রী করে দেন। এই ভাবেই বিষ্ণুপুরের মল্ল রাজত্বের যবনিকা পড়ে। কিন্তু বাঁকুড়ায় মল্ল রাজাদের গৌরবময় অধ্যায়ের কথা আজও স্মরণ করিয়ে দেয় এই দলমাদল কামান।

দলমাদল কামান

টেরাকোটা

জোড়া মন্দির

মদন মোহন মন্দির

শুশুনিয়া পাহাড়

রাস মঞ্চ

মুকুটমনিপুর

বাঁকুড়া জেলা ঃ মূল পরিসংখ্যান

ভৌগোলিক আয়তন (বর্গ কিলোমিটারে), ২০০১

গ্রাম এলাকা	শহর এলাকা	মোট
৬৮২০.৫১	**৬১.৪৯**	**৬৮৮২.০০**

প্রশাসনিক বিভাগ (সংখ্যায়)

মহকুমা ২০০৩	থানা ২০০২	ব্লক ২০০৩	পৌরসভা / পৌরনিগম ২০০৩	পঞ্চায়েত সমিতি ২০০৩	গ্রাম পঞ্চায়েত ২০০৩	মৌজা ২০০১	শহর ২০০১
৩	**২১**	**২২**	**৩**	**২২**	**১৯০**	**৩৮৩০**	**৫**

জনসংখ্যা ও জনসংখ্যার ঘনত্ব (প্রতি বর্গ কিলোমিটারে)

জনসংখ্যা			জনসংখ্যার ঘনত্ব		
১৯৮১	১৯৯১	২০০১	১৯৮১	১৯৯১	২০০১
২৩,৭৪,৮১৫	**২৮,০৫,০৬৫**	**৩১,৯২,৬৯৫**	**৩৪৫**	**৪০৮**	**৪৬৪**

প্রতি দশকে শতকরা হিসাবে জনসংখ্যার তফাৎ (%)

১৯৭১-১৯৮১	১৯৮১-১৯৯১	১৯৯১-২০০১
১৬.৯৩	**১৮.১২**	**১৩.৮২**

গ্রাম ও শহর এলাকার জনসংখ্যা (সংখ্যায়)

জনসংখ্যা (সংখ্যায়)						শহর এলাকার জনসংখ্যা সমগ্র জনসংখ্যার অনুপাতে কত শতক	
১৯৯১			২০০১				
মোট	গ্রাম এলাকা	শহর এলাকা	মোট	গ্রাম এলাকা	শহর এলাকা	১৯৯১	২০০১
২৮,০৫,০৬৫	**২৫,৭২,৫৮৭**	**২,৩২,৪৭৮**	**৩১,৯২,৬৯৫**	**২৯,৫৭,৪৪৭**	**২,৩৫,২৪৮**	**৮.২৯**	**৭.৩৭**

লিঙ্গ অনুসারে জনসংখ্যার বিভাজন

১৯৯১			২০০১		
পুরুষ	মহিলা	প্রতি শত মহিলা অনুপাতে পুরুষের সংখ্যা	পুরুষ	মহিলা	প্রতি শত মহিলা অনুপাতে পুরুষের সংখ্যা
১৪,৩৭,৫১৫	**১৩,৬৭,৫৫০**	**১০৫**	**১৬,৩৬,০০২**	**১৫,৫৬,৬৯৩**	**১০৫**

তপশিলী জাতি ও উপজাতির জনসংখ্যা (সংখ্যায়), ২০০১

তপশিলী জাতি			তপশিলী উপজাতি		
মোট	গ্রাম এলাকা	শহর এলাকা	মোট	গ্রাম এলাকা	শহর এলাকা
৯,৯৭,৪০৮	**৯,৪৩,৭৪৫**	**৫৩,৬৬৩**	**৩,৩০,৭৮৩**	**৩,২৯,০৮০**	**১৭০৩**

বাঁকুড়া জেলা ঃ গৃহপালিত প্রাণী সম্পদ সম্পর্কিত পরিসংখ্যান

দুধ ও ডিম উৎপাদনের আনুমানিক হিসাব, ২০০৩-২০০৪

দুধ উৎপাদন ('০০০টন)		ডিম উৎপাদন (লক্ষ)		মোট মাংসের উৎপাদন (মেট্রিক টন)	মোট পশম উৎপাদন (মেট্রিক টন)
মোট দুধ উৎপাদন	জনপ্রতি প্রাপ্য দুধ/দৈনিক গ্রামে	বার্ষিক উৎপাদন	জনপ্রতি প্রাপ্য ডিম/প্রতি বছর (সংখ্যায়)		
১৬৫.২৭	১৩৮.১০	১০২৪.৪৮	৩১.৬৪	১৬,১৯৩.০০	৮১.৯১৯

বিভিন্ন দুধ সংঘ দ্বারা সম্পাদিত ক্রমপুঞ্জিত কাজ, ২০০৩-২০০৪

দৈনিক গড় দুধ আহরণ দুধ সমবায় সংঘ থেকে (০০০ কেজি)	দৈনিক গড় দুধ বিপণন (০০০ কেজি)	সমবায় সংঘ কর্তৃক সংঘটিত	যে কটি দুধ সমবায় সংঘ কাজ করছে	যে কটি সমবায় সংঘ পঞ্জীকৃত হয়েছে	চাষী-সভ্যর সংখ্যা	স্ত্রী-বাছুর কতটি জন্মেছে
৪.৫০	৪.৫০	৯০	৬৮	২৭	২৮০১	৪৫

প্রতিনিধিত্বমূলক সংস্থা দ্বারা কৃত কৃত্রিম প্রজনন, ২০০৩-২০০৪

সরকারী	ব্যক্তিগত	সমবায় সমিতি	মোট কৃত কৃত্রিম প্রজনন	মোট কৃত্রিম প্রজনন কেন্দ্রের সংখ্যা
৩০,০৩২	৩৭৪১	১৭৬	৩৩,৯৪৯	২৪২

৩১শে মার্চ, ২০০৪-এ সংস্থা সমূহের সংখ্যা

জেলা পশু হাসপাতাল	প্রতিষ্ঠানের সংখ্যা								
	মহকুমা পশু স্বাস্থ্যকেন্দ্র	ব্লক পশু স্বাস্থ্যকেন্দ্র	অতিরিক্ত ব্লক পশু স্বাস্থ্যকেন্দ্র	পশু উন্নয়ন সাহায্যকেন্দ্র	কৃত্রিম প্রজনন কেন্দ্র	চেক পোষ্ট	রোগান্তরিত করার কেন্দ্র	নজরদারী কেন্দ্র	রোগমুক্ত বন্ধনী
১	৪	২২	২২	১৯০	২৪২	১	-	-	-

